# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 04, 1432 Bangla, March 18, 2026, Wednesday, No. 77, 56th year

# H I G H L I G H T S

After meeting with PM Tarique Rahman, the administrators of the two city corporations in Dhaka have informed about the initiatives taken to modernize waste management & ensure a smooth Eid journey. (Jago FM: 11)

Law enforcement agencies have strengthened security across the country, including the capital Dhaka, ahead of the holy Eid-ul-Fitr. (Jago FM: 10)

Despite government directives, a quarter of factories have failed to pay wages of February even after the deadline passed; half of factories have not yet paid workers' Eid bonuses. (DW: 08)

The World Food Program has warned that an additional 45 million people worldwide could face acute food insecurity if the war surrounding Iran continues until June. (Jago FM: 12)

Israeli Defense Minister Katz has claimed that top Iranian security official Ali Larijani was killed in an overnight strike. (BBC: 07)

A heated debate has erupted after the Education Minister announced the abolition of the existing lottery-based admission system in government and private secondary schools. (BBC: 03)

World Bank Vice President for South Asia, Johannes Jutt, met with Finance & Planning Minister and Commerce Minister to discuss the govt's development priorities & areas where the World Bank Group can assist. (Jago FM: 12)

The Cabinet has approved Bangladesh's proposal to join the 'Investment Facilitation for Development Agreement' under the plurilateral Joint Statement Initiative of the World Trade Organization.(Jago FM: 12)

State Minister for Youth & Sports Aminul Haque has said an investigation committee will be formed to determine why Bangladesh did not participate in the ICC Men's T20 World Cup this year. (DW: 09)

At least 6 people, including 3 members of a family, have been killed in separate road accidents in Patgram upazila of Lalmonirhat & Dhanbari upazila of Tangail. (BBC: 03; Jago FM: 10)

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ০৪, বাংলা ১৪৩২, মার্চ ১৮, ২০২৬, বুধবার, নং- ৭৭, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ শেষে বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন এবং ঈদযাত্রা নির্বিঘ্ন করতে নেওয়া উদ্যোগের কথা জানিয়েছেন ঢাকার দুই সিটি করপোরেশনের প্রশাসক। (জাগো এফএম: ১১)

পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে রাজধানী ঢাকাসহ সারাদেশে নিরাপত্তা জোরদার করেছে আইনশৃঙ্খলা বাহিনী। (জাগো এফএম: ১০)

নির্দেশনা থাকা সত্ত্বেও নির্ধারিত সময় পেরিয়ে গেলেও এক-চতুর্থাংশ শিল্পকারখানায় গত ফেব্রুয়ারি মাসের বেতন এখন পর্যন্ত বকেয়া রয়েছে; শ্রমিকের ঈদ বোনাস পরিশোধ করেনি অর্ধেক শিল্পকারখানা। (ডয়েচে ভেলে: ০৮)

ইরানকে ঘিরে যুদ্ধ জুন পর্যন্ত চলতে থাকলে বিশ্বজুড়ে আরও প্রায় ৪ কোটি ৫০ লাখ মানুষ তীব্র খাদ্যসংকটে পড়তে পারে বলে সতর্ক করেছে বিশ্ব খাদ্য কর্মসূচি । (জাগো এফএম: ১২)

ইরানের শীর্ষ নিরাপত্তা কর্মকর্তা আলি লারিজানি নিহত হয়েছেন বলে জানিয়েছেন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ। (বিবিসি: ০৭)

শিক্ষামন্ত্রী সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিশুদের ভর্তির ক্ষেত্রে বিদ্যমান লটারি পদ্ধতি বাতিলের ঘোষণা দেওয়ার পর, এ নিয়ে তুমুল বিতর্ক দেখা দিয়েছে। (বিবিসি: ০৩)

বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া বিষয়ক ভাইস প্রেসিডেন্ট ইয়োহানেস জুট সরকারের উন্নয়ন অগ্রাধিকার এবং বিশ্বব্যাংক গ্রুপ কোন কোন ক্ষেত্রে সহায়তা করতে পারে, তা নিয়ে আলোচনা করতে অর্থ ও পরিকল্পনামন্ত্রী ও বাণিজ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। (জাগো এফএম: ১২)

বিশ্ব বাণিজ্য সংস্থার ‘ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন ফর ডেভেলপমেন্ট অ্যাগ্রিমেন্ট (আইএফডিএ)’-এ বাংলাদেশের যোগদানের প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা। (জাগো এফএম: ১২)

ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক জানিয়েছেন, কেন বাংলাদেশ চলতি বছর টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলতে পারলো না তার কারণ অনুসন্ধানে তদন্ত কমিটি গঠন করবে ক্রীড়া মন্ত্রণালয়। (ডয়েচে ভেলে: ০৯)

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলা ও টাঙ্গাইলের ধনবাড়ী উপজেলায় পৃথক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের ৩ সদস্যসহ অন্তত ৬ জন নিহত হয়েছেন। (বিবিসি: ০৩; জাগো এফএম: ১০)

# বিবিসি

## ঈদের ছুটিতে বাড়ি ফিরছেন ঘরমুখো মানুষ

ঈদের ছুটি শুরু হয়ে গেছে। পড়াশুনা, চাকরি বা ব্যবসাসহ বিভিন্ন কারণে যারা ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে থাকেন, তারা এখন নিজ নিজ জেলায় ফিরতে শুরু করেছেন। ফলে স্বাভাবিকভাবেই বাস, ট্রেন, লঞ্চ সবক্ষেত্রে যাত্রীদের উপচে পড়া ভিড় লক্ষ্য করা যাচ্ছে। মঙ্গলবার সকাল থেকে গাবতলী, মহাখালী এবং যাত্রাবাড়ী বাস স্টেশনে ঘরমুখো মানুষের ভিড় দেখা গেছে। সেই সাথে কমলাপুর রেলওয়ে স্টেশনসহ বিভিন্ন স্টেশনে ব্যাপক ভিড় দেখা গেছে। যারা আগে থেকে টিকিট কেটে রেখেছেন, তারা কিছুটা নির্বিঘ্নে বাড়ি ফিরতে পারলেও, যারা আগে থেকে টিকিট কেটে রাখেননি, নতুন করে টিকিট কাটতে গিয়ে এখন তারা ভোগান্তির মুখে পড়ছেন। কারণ এখন একদিকে রয়েছে টিকিট সংকট, অপরদিকে তাদেরকে গুণতে হচ্ছে বাড়তি ভাড়াও।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## মোটরসাইকেলে করে বাড়ি যাওয়ার পথে এক পরিবারের তিনজন নিহত

ঈদের ছুটিতে মোটরসাইকেলে বাড়ি ফেরার পথে লালমনিরহাটের পাটগ্রামে পণ্যবোঝাই ট্রাকের চাপায় নিহত হয়েছেন একই পরিবারের তিনজন। নিহতদের মাঝে একজন ছিল শিশু। পাটগ্রাম থানার ওসি নাজমুল হক বিবিসি বাংলাকে খবরটি নিশ্চিত করেন। তিনি বলেন, আজ সকাল ৭টার দিকে লালমনিরহাট-বুড়িমারী মহাসড়কের মির্জারকোট এলাকায় দুর্ঘটনাটি ঘটে। "স্ত্রী ঘটনাস্থলেই মারা যেন। শিশু ও স্বামীকে হাসপাতালে নেওয়া হলে তারাও মারা যায়।" এ ঘটনায় কাউকে আটক করা হয়েছে কী-না জানতে চাইলে তিনি আরও বলেন, "ট্রাক তো মেরে দিয়ে চলে গেছে। ঘটনা ঘটার পর আমরা স্পটে যেতে যেতে আর ধরা যায়নি।" তবে "আমরা সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করছি তো, আশা করি পেয়ে যাবো," যোগ করেন তিনি। নিহত পরিবারটি ঈদের ছুটিতে গ্রামের বাড়ি দিনাজপুর যাচ্ছিল বলে পুলিশ জানিয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## অভিনেতা শামস সুমন মারা গেছেন

বাংলাদেশের জাতীয় পুরস্কারপ্রাপ্ত অভিনেতা শামস সুমন মারা গেছেন। মঙ্গলবার সন্ধ্যায় ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। চ্যানেল আইয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সন্ধ্যা ৬টা ৪৩ মিনিটে হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে মারা যান সুমন। শামস সুমন একাধিক চলচ্চিত্র ও টেলিভিশন নাটকে অভিনয় করেছেন। ২০০৮ সালে স্বপ্নপূরণ চলচ্চিত্রে পার্শ্ব চরিত্রে অভিনয়ের জন্য তিনি জাতীয় পুরস্কার পেয়েছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## ঈদের দিন বন্ধ থাকবে মেট্রোরেল

ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে আজ থেকে টানা সাতদিন ছুটি শুরু হয়েছে। এই ছুটিতে মেট্রোরেল কবে কবে চলবে, আর কবে কবে বন্ধ থাকবে, তা জানিয়েছে মেট্রোরেল পরিচালনাকারী প্রতিষ্ঠান ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। ডিএমটিসিএল জানিয়েছে, এই সাতদিনের মাঝে শুধুমাত্র ঈদের দিনই মেট্রোরেল বন্ধ থাকবে। এছাড়া, ঈদের আগে ও পরে যথারীতি নির্ধারিত সূচি অনুযায়ী মেট্রোরেল চলাচল করবে। ধারণা করা হচ্ছে, আগামী ২১ মার্চ ঈদ-উল-ফিতর উদ্‌যাপিত হতে পারে বাংলাদেশে।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## স্কুলে ভর্তিতে লটারি পদ্ধতি বাতিল নিয়ে কেন এত বিতর্ক, শোরগোল

বাংলাদেশের শিক্ষামন্ত্রী সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিশুদের ভর্তির ক্ষেত্রে বিদ্যমান লটারি পদ্ধতি বাতিলের ঘোষণা দেওয়ার পর, এ নিয়ে তুমুল বিতর্ক দেখা দিয়েছে। অনেকেই প্রথম শ্রেণিসহ শিক্ষা জীবনের শুরুর কয়েকটি শ্রেণিতে ভর্তি পরীক্ষার বিরোধিতা করে বলছেন, ওই বয়সের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার প্রতিযোগিতায় ঠেলে দেওয়া অনুচিত। তারা 'এন্ট্রি লেভেলে' শিশুদের ভর্তি পরীক্ষা নেওয়ার তীব্র বিরোধিতা করছেন। আবার কেউ বলছেন, প্রথম শ্রেণি বা পরবর্তী আরও কয়েকটি শ্রেণির শিশুদের বয়স উপযোগী করেই ওইসব ক্লাসের ভর্তি পরীক্ষা নেওয়া যেতে পারে। তবে লটারি পদ্ধতি বাতিলের ঘোষণায় সবচেয়ে বড়ো উদ্বেগ তৈরি হয়েছে যে, এখন প্রথম শ্রেণিতে ভর্তির জন্য কোচিং বাণিজ্য আরও রমরমা হয়ে উঠতে পারে। অনেক ক্ষেত্রে 'ভালো স্কুল' হিসেবে পরিচিতি পাওয়া স্কুলগুলোর শিক্ষকদের কেউ কেউ এসব বাণিজ্যে জড়িয়ে পড়ার অনেক উদাহরণ আছে। শিক্ষা বিশেষজ্ঞরা তাই বলছেন, কেজি ও প্রথম শ্রেণিতে ভর্তি পরীক্ষা পদ্ধতি থাকা যৌক্তিক হবে না। আবার কেউ বলছেন, পুরো ভর্তি প্রক্রিয়া হওয়া উচিত 'ক্যাচমেন্ট এরিয়া' ভিত্তিক অর্থাৎ যেই এলাকার শিশু, সেই এলাকার স্কুলে ভর্তি হবে এবং সব স্কুলে মানসম্মত শিক্ষকসহ সমান সুযোগ সুবিধা নিশ্চিত করা উচিত সরকারের।

### লটারি শুরু থেকেই আলোচনায়

বাংলাদেশে ২০১০ সালে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত প্রাথমিক স্কুলগুলোতে প্রথম শ্রেণিতে লটারির মাধ্যমে ছাত্র ভর্তি করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তবে তখন বলা হয়েছিল যে, দ্বিতীয় থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তি হবে পরীক্ষার মাধ্যমেই। তখন সরকারের পক্ষে যুক্তি দেখিয়ে বলেছিল, "যে শিশু শিক্ষাজীবন শুরুই করেনি, তাকে ভর্তি পরীক্ষায় বসানোর কোনো যুক্তি নেই। বরং উন্মুক্ত লটারির মাধ্যমে ভর্তি করার কারণে, এক্ষেত্রে আর প্রভাব খাটানো সম্ভব হবে না।" একইসঙ্গে তখন বলা হয়েছিল, লটারির মাধ্যমে প্রথম শ্রেণিতে ভর্তির পদ্ধতি সরকারি

প্রাথমিক বিদ্যালয়গুলোর ক্ষেত্রে প্রযোজ্য হবে না, কারণে এসব স্কুলে ভর্তির চাপ কম। কিন্তু পরে কোভিড মহামারির সময়ে ২০২১ শিক্ষাবর্ষে সারাদেশের সরকারি বিদ্যালয়ে প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য পরীক্ষা না নিয়ে ডিজিটাল লটারি করার সিদ্ধান্ত নেয় সরকার। ওই বছরেই বেসরকারি স্কুলে প্রথম থেকে নবম শ্রেণিতে ভর্তির লটারি পদ্ধতি চালু হয়। ওদিকে ২০২৫ সালের ডিসেম্বরে সবশেষ স্কুল ভর্তির যে নীতিমালা সংশোধন করা হয়েছে, সেখানে বলা হয়েছে, 'জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী ১ম শ্রেণিতে শিক্ষার্থীর বয়স ন্যূনতম ধরে ভর্তি নিশ্চিত করতে হবে। তবে কাঙ্ক্ষিত শিক্ষাবর্ষের ১লা জানুয়ারি তারিখে শিক্ষার্থীর সর্বনিম্ন বয়স ৫ বছর এবং ৩১ ডিসেম্বর তারিখে সর্বোচ্চ ৭ বছর পর্যন্ত হবে'। এখন বিশেষজ্ঞরা এবং অনেক অভিভাবক মনে করছেন, ৫-৭ বছর বয়সি একটি শিশুকে তার শিক্ষাজীবনের প্রথম ক্লাসটিতে ভর্তির জন্য পরীক্ষার টেবিলে বসতে বাধ্য করা উচিত হবে না।

**শিক্ষামন্ত্রী যে ব্যাখ্যা দিয়েছেন**

সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন স্কুলে ভর্তির ক্ষেত্রে প্রচলিত লটারি পদ্ধতি বাতিলের সিদ্ধান্তের কথা জানান। "আমরা লটারি পদ্ধতি প্রত্যাহার করলাম। দ্যাটস ইট। লটারি কোনো শিক্ষা ব্যবস্থায় থাকতে পারে না। ভর্তি পরীক্ষা যেটা হয়, সেটায় লটারির পরিবর্তে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করতে যাচ্ছি," বলেছেন তিনি। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "লটারি কি শিক্ষার কোনো মানদণ্ড হতে পারে? লটারি ভর্তির সমাধান নয়। আমরা ব্যাপক আলোচনার মধ্যদিয়ে করেছি। গত একমাস ধরে আলোচনা পর্যালোচনা করে সিদ্ধান্তে উপনীত হয়েছি।" শিশুদের ভর্তি পরীক্ষার বিষয়ে যে সমালোচনা সেই প্রসঙ্গে মন্ত্রী বলেন, "ক্লাস ওয়ানে মেধা যাচাইয়ের প্রশ্ন আসে না। খুবই সিম্পল ওয়েতে পরীক্ষা নেবো। এমন কিছু আনবো না যা ওদের জন্য প্রযোজ্য নয়। লটারি কোনো শিক্ষা ব্যবস্থায় থাকতে পারে না।" এর ফলে কোচিং বাণিজ্য শুরু হওয়ার উদ্বেগ প্রসঙ্গে করা প্রশ্নের জবাবে তিনি বলেন, "কোচিং বাণিজ্য হবে না। এটা প্রাথমিক পর্যায়। আমরা তাদের পরীক্ষা নিবো। ক্লাস ওয়ানে আমরা নিউরোসার্জন বানানোর চেষ্টা করবো না।" "শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে লটারি অনেকটা জুয়া খেলা, ভর্তিতে লটারি কোনো ব্যবস্থা হতে পারে না। ভর্তি পরীক্ষা নিয়ে কেউ কোচিং বাণিজ্য করতে চাইলে সরকার বসে থাকবে না। সরকার ইনহাউজ কোচিংয়ের ব্যবস্থা করবে," বলেছেন মন্ত্রী।

**মন্ত্রীর ঘোষণায় তীব্র প্রতিক্রিয়া**

শিক্ষামন্ত্রীর ঘোষণার পরপরই এ নিয়ে সামাজিক মাধ্যম ও সংবাদ মাধ্যমে তীব্র প্রতিক্রিয়া দেখা যায়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক থেকে শুরু করে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এ বিষয়ে তাদের মতামত জানিয়েছেন সামাজিক মাধ্যমে। এসব প্রতিক্রিয়ার বেশিরভাগই মূলত প্রথম শ্রেণিতে কোনো ধরনের পরীক্ষা পদ্ধতির বিরোধিতা করেছেন। যদিও তাদের সবাই যে লটারি পদ্ধতি সমর্থন করছেন তাও নয়। বরং তাদের বক্তব্য হলো- এন্ট্রি ক্লাস অর্থাৎ শিক্ষা জীবনের প্রথম ক্লাসটিতে ভর্তির জন্য শিশুদের যেন কোনো প্রতিযোগিতা বা লড়াইয়ে নামতে না হয়, সেটি নিশ্চিত করা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কামরুল হাসান মামুন তার ভেরিফায়েড ফেসবুক পাতায় লিখেছেন, "যারা ভর্তি পরীক্ষা চায় তারা কোচিং ব্যবসা চায়। আর কারা কোচিং ব্যবসা দিয়ে রাজনীতি করে আমরা জানি। যারা লটারি চায় তারা সব স্কুল কলেজকে এক মানের করতে ব্যর্থতা ঢাকতে ধান্দাবাজি করে।" তিনি আরও লিখেছেন, "সমস্যার কারণ মেরামত না করলে লটারি থাকবে না, ভর্তি কোচিং থাকবে, এই বিতর্ক থাকবেই। লটারি থাকবে এবং ভর্তি কোচিং কোনটিই থাকা উচিত না। বিশেষ করে প্রাথমিক স্কুলে বা প্রাথমিক ক্লাসে শিক্ষার্থীদের মেধাবী ট্যাগ দেওয়া অসভ্যতা।" শামারুহ মির্জা লিখেছেন, "ক্লাস ওয়ান এর বাচ্চা পরীক্ষা দিয়ে ভর্তি হবে? আশা করছি হবে না। আমেরিকা, অস্ট্রেলিয়া কোথাও এন্ট্রি লেভেলে ভর্তি পরীক্ষা হয় না।" তিনি আরও লিখেছেন, "কম্পিটিশন ভালো, কিন্তু ক্লাস ওয়ান-এ? এখন কোচিং সেন্টারগুলোও ঝাঁপিয়ে পড়বে ক্লাস ওয়ান এর বাচ্চাদের উপরে!"

ওদিকে ভিকারুননিসা স্কুলের সাবেক শিক্ষার্থীদের সংগঠন ভিকারুননিসা অ্যালামনাই অ্যাসোসিয়েশন এক বিবৃতিতে লটারি পদ্ধতি বাতিলের দাবি করে মেধাভিত্তিক মূল্যায়ন চালুর দাবি জানিয়েছে। "প্রথম শ্রেণিতে ভর্তি একটি শিশুর শিক্ষাজীবনের সূচনা, তাই শুধুমাত্র লটারির উপর নির্ভর না করে একটি মানবিক, পর্যবেক্ষণভিত্তিক এবং স্বচ্ছ মূল্যায়ন পদ্ধতি চালু করা হলে তা শিক্ষার্থী, অভিভাবক এবং শিক্ষা প্রতিষ্ঠানের জন্য অধিক কার্যকর হতে পারে," বিবৃতিতে বলেছে সংগঠনটি। কানাডা প্রবাসী লেখক ও গবেষক ড. মঞ্জুরে খোদা টরিক তার ভেরিফায়েড ফেসবুক পাতায় লিখেছেন, "শিশুশিক্ষা বা প্রথম শ্রেণিতে যারা ভর্তি হয়, তাদের বয়স ৪ থেকে ৬ বছরের মধ্যে। এই সময় শিশুরা কেবল তাদের মতো করে কথাবার্তা ও যোগাযোগ করতে শেখে। শিশুরা তখন প্রাণ-প্রকৃতি-পরিবেশ, পরিবার ও সমাজের সাথে পরিচিত হতে থাকে। তাদের জ্ঞান-বুদ্ধি এমন পর্যায়ে থাকে না যে, তাদের মেধা ও জানা-শোনা পরীক্ষার মাধ্যমে যাচাই যোগ্য। সেটা করা মানে শিশুদের প্রতি অবিচার ও অভিভাবকদের জন্য মানসিক চাপ সৃষ্টি করা।" তার মতে, "বাংলাদেশের এই প্রচলিত অবৈজ্ঞানিক পদ্ধতি থেকে বেড়িয়ে আসতে "জোনিং বা ম্যাপিং স্কুল সিস্টেম" চালু করতে হবে। যে, যে এলাকায় বাস করে, তাকে সেই এলাকার স্কুলে যেতে, পড়তে বাধ্য করতে হবে। এক এলাকার ছেলে-মেয়ে অন্য এলাকায় যেতে বা পড়তে পারবে না!"

**বিশেষজ্ঞরা যা বলছেন**

শিক্ষা বিষয়ক বিশেষজ্ঞ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. ছিদ্দিকুর রহমান কেজি ও প্রথম শ্রেণিতে লটারি এবং দ্বিতীয় থেকে উপরের শ্রেণিতে ভর্তির জন্য পরীক্ষা পদ্ধতি চালুর পক্ষে মত দিয়েছেন। "প্রস্তুতিমূলক বা ক্লাস ওয়ানে তো কোনো শিশুর কিছু শিখে আসার কথা নয়। কারণ এখান থেকেই তাদের শিক্ষাজীবন শুরুর কথা। ওখানে ভর্তি পরীক্ষা থাকার মানে হলো কোচিংকে সুবিধা দেওয়া। আবার সেটি হলে গরীব পরিবারের শিশুরা সেই সুযোগ পাবে না। ধনী গরীব, শহর, গ্রাম- সবার জন্য লটারি একটা সুযোগ হতে পারে ক্লাস ওয়ানের জন্য," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তিনি বলেন, সব শিশুরই ভর্তির সুযোগ পাওয়া উচিত কিন্তু কথিত ভালো স্কুলে পড়ার জন্য প্রাইভেট টিউটর দিয়ে বা কোচিং করে প্রস্তুতি নিয়ে পরীক্ষা দিতে আসতে হবে, এটা সুস্থ চিন্তা না। শিক্ষা বিষয়ক আরেকজন বিশেষজ্ঞ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক মোহাম্মদ মজিবুর রহমান বলছেন, লটারি বা ভর্তি পরীক্ষা- দুটির কোনো সিস্টেমই ভালো নয়। বরং তার মতে, ক্যাচমেন্ট এরিয়া (স্কুল সংলগ্ন এলাকা) অনুযায়ী ভর্তির ব্যবস্থা করা উচিত। স্কুলগুলোর মান উন্নত করা দরকার, যাতে করে শিক্ষার্থীরা নিজের এলাকার স্কুলে পড়তে পারে। তাহলে মিরপুর থেকে এসে ভিকারুননিসায় সন্তানকে ভর্তি করানোর চেষ্টা বন্ধ হবে। বাচ্চাদের সব শিখিয়ে ভর্তি পরীক্ষায় বসানো কিংবা লটারির মাধ্যমে ভাগ্য নির্ধারণ-কোনোটাই উচিত নয়," বিবিসি বাংলাকে বলেছেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৩.২০২৬ আলী আহমেদ)

## আবুধাবিতে ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষে একজন নিহত

সংযুক্ত আরব আমিরাতের রাজধানী আবুধাবিতে ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষে একজন নিহত হয়েছেন। আজ মঙ্গলবার দেশটির সরকারি কর্মকর্তারা জানিয়েছেন, গত রাতে আবুধাবিতে ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষে আঘাত পেয়ে এক পাকিস্তানি নাগরিক নিহত হয়েছেন। এক্সে দেওয়া এক বিবৃতিতে বলা হয়, সংযুক্ত আরব আমিরাতের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা একটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত করার পর এই ঘটনা ঘটে।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## ভারতের আরএসএস ও র-এর ওপর নিষেধাজ্ঞার সুপারিশ মার্কিন কমিশনের

ভারতের হিন্দুত্ববাদী সংগঠন, রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস) ও ইন্টেলিজেন্স সংস্থা রিসার্চ অ্যান্ড অ্যানালিসিস উইং (র)-এর উপর নিষেধাজ্ঞা দেওয়ার সুপারিশ করা হয়েছে মার্কিন একটি কমিশনের প্রতিবেদনে। সেই সাথে এই সংস্থাগুলির সঙ্গে যুক্ত ব্যক্তিদের যুক্তরাষ্ট্রে ঢোকার ক্ষেত্রে বাধা ও সেখানে অবস্থানকারীদের সম্পত্তি বাজেয়াপ্ত করার জন্যও সুপারিশ করা হয়েছে। যুক্তরাষ্ট্রের কমিশন অন ইন্টারন্যাশনাল রিলিজিয়াস ফ্রিডম রিপোর্ট ২০২৬-এ এই সুপারিশ করা হয়েছে। ওই প্রতিবেদনে 'ভারতে ধর্মীয় স্বাধীনতা বিঘ্নিত হচ্ছে এবং বিভিন্ন সংখ্যালঘু সম্প্রদায়ের উপর আক্রমণের ঘটনা বাড়ছে', এই বর্ণনা দিয়ে ভারতকে রাখা হয়েছে সিপিসি অর্থাৎ কান্ট্রি অফ পার্টিকুলার কনসার্নের তালিকায়। ওই প্রতিবেদন প্রকাশের পর তীব্র প্রতিক্রিয়া জানিয়েছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। এই রিপোর্টটিকে 'একপেশে' বলে অভিযোগ করেছে ভারত। আমেরিকায় ভারতীয়দের উপর আক্রমণের ঘটনার কথা উল্লেখ করে মার্কিন ওই প্রতিবেদনকে নাকচ করেছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়।

### কী রয়েছে মার্কিন প্রতিবেদনে?

যুক্তরাষ্ট্রের ওই প্রতিবেদনে ভারতে সম্প্রতিককালে ঘটে যাওয়া কিছু ঘটনা নিয়ে, ধর্মীয় অসহিষ্ণুতা ও সংখ্যালঘু সম্প্রদায়ের উপর একাধিক হামলার কথা তুলে ধরা হয়েছে। ভারতের বিভিন্ন সরকারি নীতিরও সমালোচনা করে বলা হয়েছে, সেই নীতিগুলি নির্দিষ্টভাবে সংখ্যালঘুদের নিশানা করে তৈরি করা হয়েছে। ভারতের বিরুদ্ধে আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা আইনের গুরুতর লঙ্ঘনের অভিযোগ এনেছে রিপোর্টটি। রিপোর্টটিতে যে মূল বিষয়গুলি তুলে ধরা হয়েছে সেগুলি হলো-

**বৈষম্যমূলক আইন** : ভারতের সিটিজেনশিপ অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট বা নাগরিকত্ব সংশোধনী আইন ও ন্যাশনাল রেজিস্টার অফ সিটিজেন্স আইনের কড়া সমালোচনা করা হয়েছে। ভারতের বিভিন্ন রাজ্যে ধর্মান্তর বিরোধী বিভিন্ন আইন ও গো-রক্ষা আইন পাস হওয়া নিয়েও উদ্বেগ প্রকাশ করেছে রিপোর্টটি। এই আইনগুলির মাধ্যমে সংখ্যালঘুদের নিশানা করার ব্যবস্থা করা হচ্ছে বলে জানিয়েছে রিপোর্টটি।

**মব ভায়োলেন্স** : ভারতে সাম্প্রতিক অতীতে ঘটে যাওয়া সংখ্যালঘুদের উপর উন্মত্ত জনতার আক্রমণের কিছু ঘটনা উল্লেখ করে বলা হয়েছে, "ভারতে ধর্মান্তকরণ ও গরু পাচারের অজুহাতে" সংখ্যালঘুদের হেনস্তা ও গণপিটুনির ঘটনা বাড়ছে, যা আমেরিকার জন্য উদ্‌বেগের বিষয় হওয়া উচিত।

**ধর্মীয় সংখ্যালঘু প্রতিষ্ঠানগুলির প্রতি বিরূপ মনোভাব** : এই ইউএসসিআইআরএফ ২০২৬ রিপোর্টে ভারতের ওয়াক্ফ আইন, সন্ত্রাসবাদ দমনের জন্য ব্যবহৃত ইউএপিএ আইন ও এনজিওগুলিতে বিদেশি অনুদান নিয়ন্ত্রণ বিষয়ক আইনের কঠোর সমালোচনা করা হয়েছে। সেখানে বলা হয়েছে, এই আইনগুলি দিয়ে সারাদেশে অবস্থিত সংখ্যালঘু ধর্মীয় প্রতিষ্ঠানগুলির স্বাধীনভাবে কাজ করার ক্ষমতা খর্ব করা হচ্ছে। এ ছাড়াও রিপোর্টটিতে বিভিন্ন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের ঘরবাড়ি ও উপাসনালয় ভেঙে দেওয়াকে কেন্দ্র করেও উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

### একগুচ্ছ নিষেধাজ্ঞার সুপারিশ

যুক্তরাষ্ট্রের কমিশন অন ইন্টারন্যাশনাল রিলিজিয়াস ফ্রিডম রিপোর্ট ২০২৬-এ যুক্তরাষ্ট্র সরকার ও ভারতের সঙ্গে সম্পর্ক বিষয়ে ৫টি ও মার্কিন কংগ্রেসের প্রতি একটি সুপারিশ করা হয়েছে। এই সুপারিশগুলোর মধ্যে রয়েছে, ভারতের

ইন্টেলিজেন্স সংস্থা 'র' ও হিন্দুত্ববাদী সংগঠন 'আরএসএস'-এর উপর নিষেধাজ্ঞা ও এই প্রতিষ্ঠানগুলির সঙ্গে যুক্ত ব্যক্তিদের সম্পত্তি বাজেয়াপ্ত করা ও যুক্তরাষ্ট্রে তাদের প্রবেশে নিষেধাজ্ঞা জারি। এ ছাড়াও ওই রিপোর্টে আমেরিকার সঙ্গে ভারতের ভবিষ্যৎ বাণিজ্যিক, সামরিক ও দ্বিপাক্ষিক সম্পর্কগুলিকে ভারতে ধর্মীয় স্বাধীনতা বৃদ্ধির জন্য ব্যবহার করার সুপারিশ করা হয়েছে। যুক্তরাষ্ট্রের আর্মস এক্সপোর্ট কন্ট্রোল আইনের ৬ নম্বর ধারা ব্যবহার করে ভারতে অস্ত্র বিক্রি স্থগিত করার সুপারিশ করা হয়েছে ওই প্রতিবেদনে। ভারতের মাটিতে ধর্মীয় সংখ্যালঘু ও আমেরিকান নাগরিকদের হেনস্তার ঘটনার প্রেক্ষিতে এই পদক্ষেপ নেওয়ার সুপারিশ করা হয়েছে।

**ভারতের প্রতিক্রিয়া**

মার্কিন ওই প্রতিবেদন নিয়ে সোমবার ১৬ মার্চ একটি বিবৃতি জারি করেছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। সেই বিবৃতিতে এই রিপোর্টটিকে 'একপেশে' বলে দাবি করা হয়েছে। "ভারত এই উদ্দেশ্যপ্রণোদিত ও একপেশে রিপোর্টটিকে প্রত্যাখ্যান করে" বলে জানিয়েছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। "বিগত বেশ কয়েক বছর ধরে ইউএসসিআরআইএফ বস্তুনিষ্ঠ তথ্যের পরিবর্তে সন্দেহজনক সূত্র এবং মতাদর্শ-নির্ভর বয়ানের ওপর নির্ভর করে ভারতের একটি বিকৃত ও পক্ষপাতদুষ্ট চিত্র তুলে ধরার ধারা অব্যাহত রেখেছে। এ ধরনের বারবার ভুল উপস্থাপনা খোদ কমিশনের বিশ্বাসযোগ্যতাকেই ক্ষুণ্ণ করে," বলেছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। যুক্তরাষ্ট্রে হিন্দু মন্দিরে আক্রমণের কিছু ঘটনার উদাহরণ তুলে ধরে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় প্রতিক্রিয়ায় বলেছে, "ভারতের প্রতি পক্ষপাতদুষ্ট সমালোচনা অব্যাহত রাখার পরিবর্তে, যুক্তরাষ্ট্রের হিন্দু মন্দিরগুলোতে ভাঙচুর ও হামলার উদ্বেগজনক ঘটনাগুলো, বেছে বেছে ভারতীয়দের টার্গেট করার প্রবণতা এবং যুক্তরাষ্ট্রে বসবাসরত ভারতীয় প্রবাসীদের প্রতি ক্রমবর্ধমান অসহিষ্ণুতার ঘটনাগুলো নিয়ে গভীরভাবে ভাবা উচিত ইউএসসিআরআইএফ-এর।"

**ইউএসসিআরআইএফ কী?**

ইউনাইটেড স্টেটস কমিশন অফ ইন্টারন্যাশনাল রিলিজিয়াস ফ্রিডম (ইউএসসিআরআইএফ) বা আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা বিষয়ক যুক্তরাষ্ট্র কমিশন হলো মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল সরকারের একটি সংস্থা। ১৯৯৮ সালের 'আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা আইন'-এর আওতায়, যুক্তরাষ্ট্রের বাইরে অন্য দেশগুলিতে ধর্মীয় স্বাধীনতার পরিস্থিতি পর্যবেক্ষণের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয় এই সংস্থাটি। এটি বিশ্বজুড়ে ধর্মীয় স্বাধীনতা লঙ্ঘনের ঘটনাগুলো বিশ্লেষণ করে এবং ধর্মীয় স্বাধীনতার প্রসার ও নিপীড়ন প্রতিরোধে আমেরিকার রাষ্ট্রপতি, পররাষ্ট্রমন্ত্রী এবং মার্কিন কংগ্রেসকে নীতিগত সুপারিশ দিয়ে থাকে।(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৩.২০২৬ আলী আহমেদ)

## মধ্যপ্রাচ্যের কিছু রুট জুন পর্যন্ত স্থগিত করেছে ব্রিটিশ এয়ারওয়েজ

যুক্তরাষ্ট্র, ইসরায়েল এবং ইরানের মধ্যে যুদ্ধ অব্যাহত থাকায় মধ্যপ্রাচ্যের কিছু রুটের বিমানের ফ্লাইট জুন মাস পর্যন্ত বাতিল করেছে ব্রিটিশ এয়ারওয়েজ। আম্মান, বাহরাইন, দুবাই এবং তেলআবিবের ফ্লাইটগুলো ৩১ মে পর্যন্ত সাময়িকভাবে বাতিল করা হয়েছে এবং দোহাগামী ফ্লাইটগুলো ৩০ এপ্রিল পর্যন্ত স্থগিত রয়েছে। ব্রিটিশ এয়ারওয়েজের একজন মুখপাত্র জানিয়েছেন, "মধ্যপ্রাচ্যের বর্তমান অনিশ্চিত পরিস্থিতি এবং আকাশপথের অস্থিরতার কারণে আমাদের গ্রাহকদের সুবিধার্থে আমরা এই অঞ্চলে আমাদের ফ্লাইটের চলাচলের সংখ্যা সাময়িকভাবে কমানোর সিদ্ধান্ত নিয়েছি এবং এই সময়সীমা আরো বাড়িয়েছি।" "আমরা ক্রমাগত পরিস্থিতি পর্যালোচনা করছি এবং ক্ষতিগ্রস্ত গ্রাহকদের জন্য বিভিন্ন বিকল্প ব্যবস্থা করার জন্য সরাসরি তাদের সাথে যোগাযোগ করছি।" যাদের ফ্লাইট বাতিল হয়েছে, তারা অন্য কোনো এয়ারলাইন্সের মাধ্যমে নতুন করে বুকিং দেওয়া, ভ্রমণের তারিখ পরিবর্তন করা অথবা পুরো টাকা ফেরত (রিফান্ড) পাওয়ার সুযোগ পাবেন। তবে সৌদি আরবের রিয়াদ এবং জেদ্দায় ব্রিটিশ এয়ারওয়েজের ফ্লাইটগুলো আগের মতোই চালু রয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## চীন সফর বিলম্বে 'কোনো কৌশল নেই', বেইজিংয়ের সমালোচনার পর বললেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান যুদ্ধের কারণে মার্চের শেষ দিকে তার নির্ধারিত চীন সফর তিনি প্রায় এক মাস পিছিয়ে দেওয়ার পরিকল্পনা করছেন। সোমবার তিনি বলেন, "বিষয়টি খুবই সোজা। এখন একটি যুদ্ধ চলছে। আমার এখানে থাকা গুরুত্বপূর্ণ।" তিনি আরও জোর দিয়ে বলেন, এতে "এখানে কোনো কৌশল নেই" এবং তিনি চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে দেখা করার অপেক্ষায় আছেন। এর একদিন আগে যুক্তরাজ্যের ফিন্যান্সিয়াল টাইমসকে তিনি বলেছিলেন, চীন যদি উপসাগরীয় অঞ্চলের জ্বালানি পরিবহণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল স্বাভাবিক করতে সহায়তা না করে, তাহলে তিনি বৈঠকটি স্থগিত করতে পারেন। ইরান যুদ্ধকে কেন্দ্র করে বিশ্বের দুই বৃহৎ অর্থনীতির মধ্যে উত্তেজনা বেড়েছে। ইরানের জ্বালানি রপ্তানির বড়ো ক্রেতা চীন এবং দেশটি ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার সমালোচনা করেছে। এদিকে, গত ফেব্রুয়ারিতে ট্রাম্পের শুল্কনীতি সুপ্রিম কোর্ট বাতিল করার পর যুক্তরাষ্ট্র চীনসহ কয়েকটি দেশের বাণিজ্য নীতি তদন্ত করার ঘোষণা দেয়।
(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## ইরানের শীর্ষ নিরাপত্তা প্রধান লারিজানি নিহত হয়েছেন : ইসরায়েল

ইরানের শীর্ষ নিরাপত্তা কর্মকর্তা আলি লারিজানি নিহত হয়েছেন বলে জানিয়েছেন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ। এক বিবৃতিতে কাৎজ বলেন, গত রাতে ইসরায়েলি হামলায় ইরানের শীর্ষ নিরাপত্তা কর্মকর্তার মৃত্যুর খবরটি তিনি এইমাত্র জানতে পেরেছেন।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## ইরানের নেতাদের "খুঁজে খুঁজে নির্মূল করা" অব্যাহত রাখবে ইসরায়েল

ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ গত রাতে চালানো হামলা সম্পর্কে বলেছেন, ওই হামলায় ইরানের নিরাপত্তা প্রধান আলী লারিজানি ছাড়াও, বাসিজ কমান্ডার গোলামরেজা সোলাইমানকেও হত্যা করেছে ইসরায়েলি বাহিনী। তিনি বলেন, "প্রধানমন্ত্রী এবং আমি ইরানে সন্ত্রাস ও নিপীড়নমূলক শাসনের নেতৃত্বকে খুঁজে বের করার অভিযান অব্যাহত রাখতে আইডিএফকে (ইসরায়েলি সেনাবাহিনী) নির্দেশ দিয়েছি।" মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের একটি মন্তব্যের সূত্র ধরে কাৎজ বলেন, "প্রেসিডেন্ট ট্রাম্প ইরানের নেতৃত্বের ঘন ঘন পরিবর্তন নিয়ে কথা বলেছিলেন, আমরা তাকে আপডেট দেব, এই পরিবর্তনের হার বর্তমানে আরও বেড়েছে। ইরানের অন্যতম শীর্ষ দুই নেতাকে হত্যার মাধ্যমে এই প্রক্রিয়া আরও ত্বরান্বিত হয়েছে।" বিবৃতিতে কাৎজ এই অভিযানে অংশ নেওয়া ইসরায়েলি বিমান বাহিনীর পাইলট এবং গোয়েন্দা কর্মকর্তাদের প্রশংসা করেন। তবে ইরান এখন পর্যন্ত লারিজানি এবং সোলেইমানির মৃত্যুর খবর নিশ্চিত করেনি।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## লারিজানির লেখা দাবি করে বার্তা প্রকাশ ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমে

ইরানি সংবাদমাধ্যম এবং আলী লারিজানির টেলিগ্রাম ও এক্স অ্যাকাউন্টে প্রকাশিত একটি ছবিতে হাতে লেখা একটি বার্তা দেখা গেছে। তবে এটিতে কোনো সময় ও তারিখের ছাপ নেই, কিন্তু দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, এই বার্তাটি আজকের। এই বার্তায় ইরানের নৌবাহিনীর "যোদ্ধাদের" প্রশংসা করা হয়েছে। এ মাসের শুরুর দিকে আইআরআইএস ডেনা যুদ্ধজাহাজে নিহতদের অন্ত্যেষ্টিক্রিয়ার দিনে এই সম্মাননা জানানো হলো। এমন এক সময়ে এই ঘটনাটি ঘটল, যখন ইরান আজকে আরও রাষ্ট্রীয় অনুষ্ঠানের আয়োজন করার প্রস্তুতি নিচ্ছে। এর মধ্যে রয়েছে, ৪ মার্চ একটি মার্কিন সাবমেরিনের টর্পেডো হামলায় নিহত ৮৪ জন নাবিককে সম্মান জানানোর জন্য একটি সান্ধ্যকালীন অনুষ্ঠান। শ্রীলঙ্কার দক্ষিণ উপকূল থেকে প্রায় ৪০ কিলোমিটার (২৫ মাইল) দূরে ডুবে যাওয়া ইরানি যুদ্ধজাহাজ আইরিস ডেনাতে থাকা ১৩০ জনের মধ্যে এই নাবিকরাও ছিলেন বলে ধারণা করা হয়। ভারতের আয়োজিত একটি সামরিক মহড়া থেকে ফেরার পথে আইরিস ডেনা হামলার শিকার হয়েছিল।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## 'শত শত স্টারলিংক ডিভাইস' বাজেয়াপ্ত করেছে ইরান কর্তৃপক্ষ

ইরানের গোয়েন্দা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, "শত্রুপক্ষের পাঠানো শত শত স্টারলিংক ডিভাইস" বাজেয়াপ্ত করেছে তারা। ইরানের সংবাদমাধ্যমগুলো জানাচ্ছে, এখানে শত্রুপক্ষ বলতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলকে বোঝানো হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, আইন অনুযায়ী স্টারলিংক সংগ্রহ ও ব্যবহার করা একটি "অপরাধ" এবং যুদ্ধের সময় যে কেউ এমন করে, তাহলে তাকে "সর্বোচ্চ শাস্তি" দেওয়া হবে। ইরানে স্টারলিংক ব্যবহারের শাস্তি সর্বোচ্চ দুই বছরের কারাদণ্ড। যুদ্ধ শুরু হওয়ার পর থেকে চলমান ইন্টারনেট বিভ্রাটের কারণে ইরানে থাকা ব্যক্তিদের সাথে যোগাযোগ করা এখনও খুব কঠিন, কিন্তু প্রযুক্তি সচেতন বাসিন্দারা স্পেসএক্সের স্টারলিংক ডিভাইস ব্যবহার করছেন এবং এই একই সংযোগ অন্যদের সাথে ভাগ করে নিচ্ছেন।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ এলিনা)

## মার্কিন ন্যাশনাল কাউন্টার টেরোরিজম সেন্টার প্রধানের পদত্যাগ

যুক্তরাষ্ট্রের ন্যাশনাল কাউন্টার টেরোরিজম সেন্টার (এনসিটিসি)-এর পরিচালক জো কেন্ট সামাজিক যোগাযোগ মাধ্যমে তার পদত্যাগের ঘোষণা দিয়েছেন। যেখানে তিনি জানিয়েছেন যে, "বিবেকের তাড়নায় আমি ইরানের সাথে চলমান এই যুদ্ধকে সমর্থন করতে পারছি না।" গত জুলাই মাসে ট্রাম্পের মনোনীত প্রার্থী হিসেবে জো কেন্ট এই পদের জন্য সিনেট কর্তৃক অনুমোদিত হয়েছিলেন। ট্রাম্পের উদ্দেশ্যে লেখা তার পদত্যাগপত্রে কেন্ট বলেন, "ইরান আমাদের জাতির জন্য কোনো আসন্ন হুমকি ছিল না। এটি স্পষ্ট যে, আমরা ইসরায়েল এবং তাদের শক্তিশালী আমেরিকান লবির চাপে এই যুদ্ধ শুরু করেছি।" তিনি আরও উল্লেখ করেন, "আমি সেই মূল্যবোধ এবং পররাষ্ট্রনীতিকে সমর্থন করি, যার ওপর ভিত্তি করে আপনি ২০১৬, ২০২০ এবং ২০২৪ সালে প্রচারণা চালিয়েছিলেন এবং যা আপনার প্রথম মেয়াদে কার্যকর করেছিলেন। ২০২৫ সালের জুন মাস পর্যন্ত আপনি নিজেও বুঝতে পেরেছিলেন যে, মধ্যপ্রাচ্যের যুদ্ধগুলো একটি ফাঁদ, যা আমেরিকার দেশপ্রেমিকদের মূল্যবান জীবন কেড়ে নেয় এবং আমাদের জাতির সম্পদ ও সমৃদ্ধিকে নিঃশেষ করে দেয়।" "একজন প্রবীণ সৈনিক হিসেবে, যিনি ১১ বার যুদ্ধক্ষেত্রে নিয়োজিত ছিল এবং একজন 'গোল্ড স্টার' স্বামী হিসেবে, যিনি ইসরায়েলের তৈরি করা একটি যুদ্ধে তার প্রিয়তমা স্ত্রী শ্যাননকে হারিয়েছেন, আমি পরবর্তী প্রজন্মকে এমন একটি যুদ্ধে লড়াই করতে বা মরতে পাঠাতে পারি না, যা আমেরিকান জনগণের কোনো উপকারে আসে না কিংবা আমেরিকানদের জীবনের বিনিময়েও সমর্থনযোগ্য নয়।"(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ রনি)

## এনএইচকে

### হরমুজ প্রণালি সুরক্ষিত করতে বিভিন্ন রাষ্ট্রের উপর চাপ বাড়িয়েছেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মধ্যপ্রাচ্যের তেলের উপর নির্ভরশীল দেশ, বিশেষ করে জাপান, চীন ও দক্ষিণ কোরিয়ার উপর কার্যত বন্ধ হয়ে যাওয়া হরমুজ প্রণালি সুরক্ষিত করতে সাহায্যের জন্য চাপ বাড়াচ্ছেন। এর আগে, ট্রাম্পের সহযোগিতার অনুরোধের প্রেক্ষিতে দেশগুলো মিশ্র প্রতিক্রিয়া দেখিয়েছে। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়নি যে, তারা প্রণালিটিতে জাহাজ পাঠাবে কিনা। দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টের কার্যালয়ের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা সোমবার জানিয়েছেন, সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে ঘনিষ্টভাবে যোগাযোগ করবে এবং সতর্ক পর্যালোচনার পর সিদ্ধান্ত নেবে। ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার বলেছেন, তিনি অন্যান্য দেশের সঙ্গে একটি 'টেকসই' পরিকল্পনা নিয়ে কাজ করছেন। জার্মান চ্যান্সেলর ফ্রিডরিশ ম্যার্ৎস বলেছেন, তার দেশ ইরানের বিরুদ্ধে সামরিক অভিযানে অংশ নেবে না এবং এর অর্থ হলো সামরিক উপায়ে প্রণালিটি সুরক্ষিত করার প্রচেষ্টাতেও তারা অংশগ্রহণ করবে না। সোমবার হোয়াইট হাউসে সাংবাদিকদের ট্রাম্প বলেন, জাপান, চীন ও দক্ষিণ কোরিয়া মূলত হরমুজ প্রণালি দিয়ে পরিবাহিত অপরিশোধিত তেলের উপর নির্ভরশীল। তিনি বলেন, "তাদের শুধু আমাদেরকে ধন্যবাদ দিলেই হবে না, তাদের উচিত আমাদেরকে সাহায্যও করা। আমাকে যা অবাক করে, তা হলো- তারা এ ব্যাপারে আগ্রহী নয়।"
(এনএইচকে ওয়েবপেইজ: ১৭.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### অর্ধেক কারখানা ঈদ বোনাস দেয়নি

শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী শিল্পকারখানার শ্রমিকদের ফেব্রুয়ারি মাসের বেতন ৯ মার্চ ও ঈদ বোনাস ১২ মার্চের মধ্যে দেওয়ার নির্দেশনা দিয়েছিলেন। কিন্তু শিল্প পুলিশের তথ্য অনুযায়ী, নির্ধারিত সময় পেরিয়ে গেলেও, এক-চতুর্থাংশ শিল্পকারখানায় গত ফেব্রুয়ারি মাসের বেতন এখন পর্যন্ত বকেয়া রয়েছে। এখনো শ্রমিকের ঈদ বোনাস পরিশোধ করেনি অর্ধেক শিল্পকারখানা। দেশের বিভিন্ন অঞ্চলের ১০ হাজার ১০০ শিল্পকারখানা শিল্প পুলিশের তদারকির মধ্যে রয়েছে। সংস্থাটির দেওয়া তথ্যানুযায়ী, গতকাল সোমবার পর্যন্ত ২৫ শতাংশ, অর্থাৎ ২ হাজার ৫৪৪ কারখানা গত মাসের বেতন-ভাতা পরিশোধ করেনি। এ ছাড়া, ৪৫ দশমিক ৫৭ শতাংশ বা ৫ হাজার ৭টি কারখানা এখনো ঈদ বোনাস দেয়নি। চলতি মাসের শুরুতে মালিক, শ্রমিক ও সরকারের ত্রিপক্ষীয় বৈঠক শেষে শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী দেশের শিল্পকারখানার শ্রমিকদের ফেব্রুয়ারি মাসের বেতন ৯ মার্চ ও ঈদ বোনাস ১২ মার্চের মধ্যে দেওয়ার নির্দেশনা দেন। এমনকি সচল ও রপ্তানিমুখী শিল্পপ্রতিষ্ঠানকে শ্রমিক-কর্মচারীদের এক মাসের বেতনের সমপরিমাণ অর্থ সহজ শর্তে ঋণ দেওয়ার ব্যবস্থা করেছে সরকার। এ ছাড়া, চলতি মাসে রপ্তানিমুখী শিল্প খাতের বকেয়া ২ হাজার ৫০০ কোটি টাকার নগদ সহায়তা ছাড় করে অর্থ মন্ত্রণালয়। এরপরও প্রতিবছর মতো এবারও ঈদের আগে শ্রমিকদের বেতন-ভাতা দাবিতে রাস্তায় নামতে দেখা গেছে।

ইন্ডাস্ট্রিয়াল বাংলাদেশ কাউন্সিলের সাবেক মহাসচিব সালাউদ্দিন স্বপন ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলোকে বলেন, তৈরি পোশাকশিল্পের কিছু মালিক ইচ্ছা করেই ফেব্রুয়ারি মাসের বেতন ও বোনাস দেরিতে দিচ্ছেন। কারণ, আগে বেতন-বোনাস দিলে শ্রমিকেরা চলতি মাসের বেতনের একটা অংশ চাইবেন। অথচ কিছু কারখানা ইতোমধ্যে ফেব্রুয়ারির বেতন-বোনাস ও চলতি মার্চের ১০ দিনের বেতন দিয়েছে। গাজীপুরের এইচডিএফ অ্যাপারেলসের শতাধিক শ্রমিকের বেতন-ভাতা পরিশোধ অনিশ্চিত। কারণ, কারখানার মালিককে খুঁজে পাওয়া যাচ্ছে না। নারায়ণগঞ্জের একটি কারখানার বেতন-ভাতা ও বোনাস পরিশোধ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছিল। পরে নিট পোশাকশিল্পের মালিকদের সংগঠন বিকেএমইএ-এর তিনজন নেতা কারখানাটিকে ৩০ লাখ টাকা ঋণ দিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেছেন। বাংলাদেশে তৈরি পোশাকশিল্পের মালিকদের সংগঠন বিজিএমইএ-এর সদস্য সচল কারখানা ২ হাজার ১২৭ (ঢাকা ও চট্টগ্রাম)। এর মধ্যে গতকাল পর্যন্ত ২ হাজার ৯০টি ফেব্রুয়ারি মাসের বেতন দিয়েছে। তার মানে বেতন পরিশোধ বাকি আছে ৩৭ কারখানায়। আর ঈদ বোনাস দিয়েছে ২ হাজার ৫১টি, অর্থাৎ এখনো বোনাস দেয়নি ৭৬ কারখানা। এ ছাড়া জানুয়ারি মাসের বেতন বাকি আছে ৫ কারখানায়। মার্চ মাসের অগ্রিম বেতন দিয়েছে ৪৭৮ শিল্পকারখানা। বিজিএমইএ জানায়, আজ মঙ্গলবার ৩৫ শতাংশ বা ৬২৫টি তৈরি পোশাক কারখানায় ঈদের ছুটি শুরু হবে। আগামীকাল বুধবার ৪৫ শতাংশ বা ৮০৩টি কারখানায় ছুটি হবে। বৃহস্পতিবার ছুটি হবে ৮৯টি কারখানার।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ রুবাইয়া)

### জামিনের পরই গ্রেফতার দেখানোর নির্দেশনা প্রত্যাহার চেয়ে আইন ও সালিশ কেন্দ্রের আইনি নোটিশ

কার্যক্রম নিষিদ্ধ ও স্থগিত ঘোষিত আওয়ামী লীগের প্রভাবশালী নেতা-কর্মীদের জামিনে মুক্তির পরই অন্য মামলায় গ্রেফতার দেখানো (শোন অ্যারেস্ট)-এর নির্দেশনা দেওয়ায়, পুলিশের রাজশাহী রেঞ্জের উপ-মহাপরিদর্শক (ডিআইজি) মোহাম্মদ শাহজাহানকে আইনি নোটিশ দিয়েছে আইন ও সালিশ কেন্দ্র। নোটিশে ওই নির্দেশনা প্রত্যাহারের দাবি জানানো হয়েছে। গতকাল সোমবার আইন ও সালিশ কেন্দ্রের পক্ষে আইনজীবী সৈয়দা নাসরিন ও আইনজীবী শাহীনুজ্জামান এই নোটিশ পাঠান বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো জানায়। নোটিশে সাত

দিনের মধ্যে ডিআইজির দেওয়া ওই নির্দেশনা প্রত্যাহারসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান জানানো হয়েছে। অন্যথায় এ ব্যাপারে হাইকোর্টে রিট করা হবে বলেও স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। নোটিশে বলা হয়েছে, গত ২৪ ফেব্রুয়ারি জারি করা এক 'বিশেষ নির্দেশনায়' ডিআইজি মোহাম্মদ শাহজাহান উল্লেখ করেন, কার্যক্রম নিষিদ্ধ ও স্থগিত ঘোষিত 'ফ্যাসিস্ট সংগঠনের' যে-সব নেতা-কর্মী জামিনে মুক্তির পর সংগঠনকে শক্তিশালী করা, পুনর্গঠন করা এবং মাঠপর্যায়ে সক্রিয় তৎপরতা চালাতে সক্ষম, তাদের জামিনের পরপরই অন্য মামলায় গ্রেফতার দেখাতে (শোন অ্যারেস্ট) হবে।

তবে নির্দেশনায় উল্লেখ করা হয়েছে, যে-সব নেতা-কর্মী এ ধরনের সক্রিয় ভূমিকা পালনে সক্ষম নন, তাদের ক্ষেত্রে জামিনের পর গ্রেফতার দেখানোর প্রয়োজন আপাতত নেই। রাজশাহী রেঞ্জের আওতাধীন রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট জেলার পুলিশ সুপারদের (এসবি) উদ্দেশ্যে এ নির্দেশনা পাঠান রেঞ্জ ডিআইজি। আইন ও সালিশ কেন্দ্রের জ্যেষ্ঠ সমন্বয়ক আবু আহমেদ ফয়জুল কবির জানান, গতকাল রেজিস্ট্রি করা ডাকযোগে ডিআইজির কাছে এই লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। এ বিষয়ে কোনো মন্তব্য করতে চাননি ডিআইজি মোহাম্মদ শাহজাহান। তিনি বলেন, "এ বিষয়ে আমি কোনো বক্তব্য রাখতে চাই না। আমার যা কিছু করণীয়, সেটা আইনগতভাবেই করব।" নোটিশ হাতে পেয়েছেন কি না, জানতে চাইলে তিনি কোনো মন্তব্য করেননি।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশের বিশ্বকাপ না খেলার কারণ জানতে তদন্ত করবে ক্রীড়া মন্ত্রণালয়

নানান নাটকীয়তার পর চলতি বছর টি-টোয়েন্টি বিশ্বকাপে ছিল না বাংলাদেশ। কেন বাংলাদেশ এই বৈশ্বিক আসরে খেলতে পারলো না তার কারণ অনুসন্ধানে তদন্ত কমিটি গঠন করবে ক্রীড়া মন্ত্রণালয়। ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক আজ মঙ্গলবার এই তথ্য জানিয়েছেন। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারের খবরে বলা হয়, বিসিবির নির্বাচনে অনিয়মের তদন্তে একটি কমিটি ইতোমধ্যে গঠন করেছে জাতীয় ক্রীড়া পরিষদ। ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুলের করে দেওয়া এই কমিটি নিয়ে উদ্বেগ জানিয়ে বিবৃতি দিয়েছে বিসিবি। এর মধ্যেই সদ্য দায়িত্বপ্রাপ্ত আমিনুল জানালেন, বিশ্বকাপ খেলতে না যাওয়ার কারণ অনুসন্ধানেও তদন্ত হবে। সংগঠকদের কূটনৈতিক ব্যর্থতা খতিয়ে দেখা হবে। মিরপুরের বাংলা স্কুলে গিয়ে এক অনুষ্ঠান শেষে গণমাধ্যমের সামনে হাজির হয়ে আমিনুল বলেন, "আমরা কিছুদিন আগে দেখেছি যে, বিশ্বকাপ হয়েছে, কিন্তু আমাদের ক্রীড়া কূটনীতির অভাবে আমরা সেই বিশ্বকাপটি খেলতে যেতে পারিনি। কিন্তু কেন এটি হয়েছে, সেটিও আসলে তদন্ত করে দেখার বিষয় রয়েছে এবং আমি আশা করি যে, এই বিষয়গুলো নিয়েও আমি একটি তদন্ত কমিটি গঠন করবো। করে আমি পরবর্তীতে যে, কেন আমরা বিশ্বকাপ খেলতে গেলাম না, কেন আমাদের কোথায় সমস্যা ছিল বা কেন আমাদের ক্রীড়া কূটনীতির অভাব ছিল, সেই বিষয়গুলো আমরা তদন্ত কমিটির মাধ্যমে পরবর্তীতে আসলে আমি এগুলো প্রতিবেদন আকারে ক্রিকেট বোর্ড এবং যারা এটার সঙ্গে জড়িত ছিলেন, তাদের কাছ থেকে আমি অবশ্যই চাইবো।" মোস্তাফিজুর রহমানকে আইপিএল থেকে বাদ দেওয়ার জেরে ভারতে গিয়ে বিশ্বকাপ খেলতে অস্বীকৃতি জানায় বিসিবি। তখনকার ক্রীড়া উপদেষ্টা আসিফ নজরুলের সিদ্ধান্তেই এই অবস্থান নেয় তারা। আসিফ নজরুল তখন নিয়মিত গণমাধ্যমে কথা বলতেন এবং ফেসবুক পোস্টে সিদ্ধান্ত দিতেন।

আইসিসিকে ভেন্যু বদলের অনুরোধ করলেও লজিস্টিকস কারণে আইসিসি ভেন্যু বদলে রাজি হয়নি। আইসিসি প্রতিনিধিরা ভার্চুয়ালি এবং সরাসরি বাংলাদেশে এসেও বিসিবির সঙ্গে সভা করেন এবং বাংলাদেশকে ভারতে গিয়েই বিশ্বকাপে অংশ নেওয়ার অনুরোধ করেন। ভেন্যু বদল সম্ভব নয় জানিয়ে দেওয়ার পরও বাংলাদেশ অনড় অবস্থানে ছিল। শেষ পর্যন্ত বাংলাদেশের বদলে স্কটল্যান্ডকে সুযোগ দেয় আইসিসি। এই নিয়ে ক্রিকেটারদের সঙ্গেও বোর্ডের দূরত্ব তৈরি হয়। ক্রিকেটার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব) বিশ্বকাপে অংশ না নেওয়ার সমালোচনা করে আসছিল। তারা ক্রীড়া প্রতিমন্ত্রীকে ক্রিকেটারদের অবস্থান জানানোর পর বিষয়টি নিয়ে তদন্ত করার কথা বললেন আমিনুল, "ইতোমধ্যেই আমাদের 'কোয়াব' মিঠুনের নেতৃত্বে একটি ক্রিকেটারদের একটি দল আমার কাছে এসেছিল। আমি তাদের সঙ্গে কথা বলেছি, তাদের কথাগুলো শুনেছি। আশ্বস্ত করেছি যে, ঈদের পরে কেন বিশ্বকাপ ক্রিকেট খেলতে গেলাম না, এই বিষয়গুলো যাচাই-বাছাই করে পরবর্তীতে ইনশাল্লাহ পদক্ষেপ নেবো।"

এদিকে, বিসিবির নির্বাচনে অনিয়ম নিয়ে তদন্ত চলমান থাকবে ও আইসিসির সঙ্গে কথা বলেই পদক্ষেপ নেওয়া হবে বলে জানান আমিনুল, "বিগত সরকারের সময়ে সরাসরি হস্তক্ষেপ করা হয়েছে ক্রিকেট বোর্ডের ওপর এবং এটি আপনারা সকলেই জানেন, এগুলো নতুন করে আসলে বলার কিছু নেই। সঠিক যেটি তদন্ত প্রতিবেদনে উঠে আসবে। যারা বিগত সময়ে নির্বাচন কমিশনের দায়িত্ব পালন করেছেন, তাদের সঙ্গেও তদন্ত কমিটি কথা বলবে। বর্তমান ক্রিকেট বোর্ডের যারা রয়েছেন, তাদের সঙ্গেও কথা বলবে। পাশাপাশি, যারা অভিযোগ দিয়েছেন, তাদের সঙ্গেও কথা বলবে।"

"আমি নিজেও ব্যক্তিগতভাবে জানি যে, যখন বিগত নির্বাচনের সময় ডিসিরা একবার অলরেডি কাউন্সিলরশিপ পাঠিয়েছিলেন, পরবর্তীতে আমাদের বর্তমান প্রেসিডেন্ট বুলবুল ভাইয়ের চিঠির পরিপ্রেক্ষিতে তারা আবার দ্বিতীয়বার কাউন্সিলর পাঠিয়েছেন। এটি তো একদম দৃশ্যমান সত্য ঘটনা। আইসিসির সাথে কথা বলেই সকল সিদ্ধান্ত নেবো।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## ঈদযাত্রায় সর্বোচ্চ নিরাপত্তা, চেকপোস্ট-টহলে র‍্যাব-পুলিশ

পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে রাজধানী ঢাকাসহ সারাদেশে নিরাপত্তা জোরদার করেছে আইন-শৃঙ্খলা বাহিনী। ঘরমুখী মানুষের ঈদযাত্রায় ভোগান্তি নিরসনে ছিনতাই, ডাকাতি, টিকিট কালোবাজারি ঠেকাতে চেকপোস্ট, অতিরিক্ত টহল ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনাও শুরু করেছে র‍্যাব ও পুলিশ। একইসঙ্গে বাস টার্মিনাল, রেলস্টেশন ও লঞ্চঘাট এবং ঢাকা থেকে বের হওয়ার পথসহ গুরুত্বপূর্ণ স্থানে বাড়ানো হয়েছে নজরদারি। এছাড়াও ঈদের ছুটিতে ফাঁকা রাজধানীর বাসাবাড়ির নিরাপত্তা নিশ্চিত করতেও নেওয়া হয়েছে বিশেষ ব্যবস্থা। এদিকে, সাধারণত ঈদকে কেন্দ্র করে কোটিরও বেশি নগরবাসী রাজধানী ত্যাগ করেন। ফলে বাড়তি চাপ সৃষ্টি হয় রাজধানী থেকে বের হওয়ার মুখগুলোতে। আর নগরবাসীর এই গমনাগমনে সক্রিয় হয়ে ওঠে অপরাধী চক্রগুলো। এই অপরাধীদের নিয়ন্ত্রণে বেশ খানিকটা বেগ পেতে হয় আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের। একইসঙ্গে ছুটির ফাঁকা ঢাকায়ও রয়েছে নিরাপত্তা সংশয়। নগরবাসীর ফাঁকা বাসা-বাড়ির নিরাপত্তা নিশ্চিতে দিনরাত সজাগ থাকতে হয় তাদের। ফলে এবার ঈদকেন্দ্রিক নগরবাসীর চলাচলে নিরাপত্তা নিশ্চিতসহ ফাঁকা ঢাকায় নগরবাসীর রেখে যাওয়া সম্পদের নিরাপত্তা নিশ্চিতে বিভিন্ন উদ্যোগ নিয়েছে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলো। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ আসাদ)

## ঈদের ছুটি শুরু, অনেকটাই ফাঁকা ঢাকা

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে সরকারি ছুটি শুরু হয়েছে আজ মঙ্গলবার থেকে। রাজধানী ঢাকা ধীরে ধীরে ফাঁকা হয়ে যাচ্ছে। পরিবার-পরিজনের সঙ্গে ঈদ উদ্‌যাপন করতে নগরবাসীর বড়ো একটি অংশ গ্রামের পথে রওয়ানা হয়েছেন। মঙ্গলবার সকাল থেকেই রাজধানীর গাবতলী, সায়েদাবাদ, মহাখালী ও গুলিস্তান বাস টার্মিনাল, রেলস্টেশন ও লঞ্চঘাটে ঘরমুখো মানুষের উপচে পড়া ভিড় দেখা গেছে। তবে ছুটি শুরুর সঙ্গে সঙ্গে অফিস-আদালত বন্ধ হয়ে যাওয়ায় শহরের সড়কগুলোতে যানবাহনের চাপ কমে এসেছে। কোথাও কোথাও দেখা গেছে প্রায় ফাঁকা রাস্তা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ আসাদ)

## সব ইউনিটকে বলেছি, অন্যায়ের সঙ্গে কোনো আপোশ নয় : আইজিপি

পুলিশ মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির বলেছেন, বাংলাদেশের সব ইউনিটকে বলে দিয়েছি, এই ঈদযাত্রা সুষ্ঠু ও সুন্দর করার জন্য সব ইউনিটের ফোর্স নিয়োজিত থাকবে। বাংলাদেশ পুলিশ তৎপর। অনাকাঙ্ক্ষিত ঘটনা বা কোনো অন্যায়ের সঙ্গে কোনো ধরনের কম্প্রোমাইজ নেই। মঙ্গলবার সকালে রাজধানীর অন্যতম প্রধান প্রবেশ ও বহির্গমন পথ গাবতলী বাস টার্মিনাল পরিদর্শন শেষে এসব বলেন তিনি। আলী হোসেন ফকির বলেন, প্রতিবছর ঈদযাত্রায় আমাদের ঘরমুখো মানুষের অনেক সমস্যা হয়। বিশেষ করে, সড়কে ঘণ্টার পর ঘণ্টা বসে থাকতে হয়। আবার অনেকে দেখা যায় ঈদের আগের দিন রওয়ানা দিয়েও ঠিক সময়ে বাড়িতে পৌঁছাতে পারেন না। এজন্য আমরা এই বছর অত্যন্ত গুরুত্ব দিয়ে আমাদের ঈদযাত্রায় যাত্রীদের যেন কোনো ধরনের হয়রানি, টিকিটের মূল্য বেশি নেওয়া, রোডে যেন কোনো যানজট না হয়, সেটা নিশ্চিত করার জন্য সরকারের পক্ষ থেকেও কো-অর্ডিনেশন মিটিং করা হয়েছে। তাদের নির্দেশনা এবং আমাদের নিজস্ব প্রযুক্তির মাধ্যমে কীভাবে আমাদের সড়ক ব্যবস্থাপনা ও ট্রাফিক ব্যবস্থাপনাকে উন্নত করা যায়, তা নিয়ে আমরা গুরুত্ব সহকারে কাজ করছি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ আসাদ)

## ভোগান্তি নেই পাটুরিয়া ফেরিঘাটে, নির্বিঘ্নে বাড়ি ফিরছে মানুষ

ঈদযাত্রাকে কেন্দ্র করে যাত্রী ও যানবাহনের চাপ বাড়লেও, দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অন্যতম ব্যস্ত নৌ-রুট পাটুরিয়া ফেরিঘাটে এবার নেই আগের মতো ভোগান্তি। নির্বিঘ্নেই পারাপার করছেন ঘরমুখো মানুষ। মঙ্গলবার সকাল থেকে ঘাট এলাকায় যাত্রী ও যানবাহনের চাপ লক্ষ্য করা গেলেও, বেলা বাড়ার সঙ্গে সঙ্গে পরিস্থিতি স্বাভাবিক হতে শুরু করে। দুপুর ১২টার পর যানজট অনেকটাই কমে আসে। সংশ্লিষ্টরা জানান, বর্তমানে ঘাটে আসা যানবাহনগুলোকে অপেক্ষা ছাড়াই দ্রুত ফেরিতে উঠানো হচ্ছে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ করপোরেশন (বিআইডব্লিউটিসি) সূত্রে জানা গেছে, ঈদে যাত্রীদের দুর্ভোগ কমাতে ছোটো-বড়ো মিলিয়ে মোট ১৭টি ফেরি চালু রাখা হয়েছে এবং লঞ্চ চলাচল করছে ২০টি। জরুরি পণ্য, শিশুখাদ্য ও পচনশীল দ্রব্যবাহী যানবাহন ছাড়া অন্যান্য পণ্যবাহী ট্রাক চলাচল সাময়িকভাবে বন্ধ রাখায় ঘাট এলাকায় যানজট তৈরি হয়নি। প্রয়োজনে অতিরিক্ত চাপ সামাল দিতে পাটুরিয়া থেকে দৌলতদিয়া ঘাটে ফেরি স্থানান্তরের ব্যবস্থাও রাখা হয়েছে। পদ্মা সেতু চালুর পর বেশিরভাগ যানবাহন সেতুপথ ব্যবহার করলেও কুষ্টিয়া, সাতক্ষীরা, যশোর, মাগুরা, ফরিদপুর ও রাজবাড়ী অঞ্চলের অনেক পরিবহণ এখনো এই নৌপথেই চলাচল করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ আসাদ)

## লালমনিরহাটে ট্রাকচাপায় মোটরসাইকেলের ৩ আরোহী নিহত

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলায় ট্রাকচাপায় মোটরসাইকেল আরোহী শিশুসহ একই পরিবারের তিনজন নিহত হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার মির্জারকোট মডেল মসজিদ সংলগ্ন মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় গুরুতর আহত হয়েছে তাদের আরেক শিশু কন্যা। জানা গেছে, নিহত শরিফুল ইসলাম দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার আলীহাট ইউনিয়নের মনসাপুর গ্রামের বাসিন্দা। তিনি পাটগ্রামের একটি বেসরকারি এনজিওতে

কর্মরত ছিলেন। তাৎক্ষণিকভাবে নিহত স্ত্রী ও ছেলের নাম জানা যায়নি। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, আসন্ন ঈদের ছুটিতে সপরিবারে উদ্‌যাপনের জন্য আজ সকালে স্ত্রী এবং এক ছেলে ও এক মেয়েকে নিয়ে মোটরসাইকেলযোগে পাটগ্রাম থেকে দিনাজপুরের নিজ গ্রামের বাড়ির উদ্দেশ্যে রওয়ানা দেন শরিফুল ইসলাম। তাদের বহনকারী মোটরসাইকেলটি মির্জারকোট মডেল মসজিদ এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা বেপরোয়া গতির একটি ট্রাক তাদের সজোরে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই শরিফুল ইসলাম, তার স্ত্রী এবং শিশুপুত্রের মৃত্যু হয়। এ সময় গুরুতর আহত অবস্থায় তাদের মেয়েকে স্থানীয়রা উদ্ধার করে রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য প্রেরণ করেন। বর্তমানে সেখানে তার চিকিৎসা চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ আসাদ)

## রাজধানীর সায়েদাবাদ বাসস্ট্যান্ডেও নেই যাত্রী চাপ

রাজধানীর অন্যতম বড়ো বাসস্ট্যান্ড সায়েদাবাদে নেই ঈদের ঘরমুখো যাত্রীর অতিরিক্ত চাপ। যাত্রী তুলনায় বাসের সংখ্যা বেশি হওয়ায়, নির্বিঘ্নে বাড়ি ফিরতে পারছেন মানুষ, নেই অতিরিক্ত ভাড়ার ভোগান্তি। মঙ্গলবার সকাল থেকে সায়েদাবাদ ঘুরে এ চিত্র দেখা গেছে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২০ বা ২১ মার্চ দেশে মুসলমানদের সবচেয়ে বড়ো ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল ফিতর উদ্‌যাপিত হবে। সায়েদাবাদের পরিবহণ মালিক ও শ্রমিকরা জানিয়েছেন, যাত্রী খুবই কম। ঈদের আগে এই যাত্রী পরিস্থিতিতে তারা অনেকটাই হতাশ। তবে ছুটি দীর্ঘ হওয়ার কারণে এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে মনে করছেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ আসাদ)

## কর্মসংস্থান সৃষ্টি-অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধিতে বিশ্বব্যাংকের অঙ্গীকার

বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া বিষয়ক ভাইস প্রেসিডেন্ট ইয়োহানেস জুট মঙ্গলবার তার তিনদিনের বাংলাদেশ সফর সমাপ্ত করেছেন। সফরকালে তিনি সরকারের শীর্ষ নেতৃত্ব, অন্যান্য সরকারি কর্মকর্তা এবং সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করেন। জুট বলেন, সরকার দক্ষতা ও বিনিয়োগের পাশাপাশি বৃহৎ পরিসরে কর্মসংস্থান সৃষ্টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয় এবং বিশ্বব্যাংক গ্রুপও এই অঙ্গীকারের অংশীদার। এই প্রেক্ষাপটে, আমরা সরকারের কর্মসংস্থান সৃষ্টির অগ্রাধিকারমূলক উদ্যোগকে, বিশেষ করে তরুণ ও নারীদের জন্য সমর্থন করার ওপর আমাদের মনোযোগ আরও বাড়াচ্ছি। সরকারের উন্নয়ন অগ্রাধিকার এবং বিশ্বব্যাংক গ্রুপ কোন কোন ক্ষেত্রে সহায়তা করতে পারে, তা নিয়ে আলোচনা করতে জুট অর্থ ও পরিকল্পনামন্ত্রী, বাণিজ্যমন্ত্রী, প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের গভর্নরের সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি বলেন, গত দশকে বাংলাদেশের শ্রমবাজারে ১ কোটি ৪০ লাখ তরুণ প্রবেশ করেছে, কিন্তু তাদের প্রতিযোগিতা মাত্র ৮৭ লাখ চাকরির জন্য। এর অর্থ হলো, কর্মক্ষম বয়সের প্রায় অর্ধেক তরুণ চাকরি পায়নি। তরুণীরা বিশেষভাবে কঠিন বাধার সম্মুখীন হন। ক্রমবর্ধমান বৈশ্বিক অনিশ্চয়তার পরিপ্রেক্ষিতে, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মৌলিক প্রতিবন্ধকতাগুলো দূর করার জন্য সরকারের দীর্ঘদিনের অমীমাংসিত সামষ্টিক অর্থনৈতিক ও আর্থিক খাতের সংস্কারগুলো গ্রহণ করা জরুরি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রী মহানগর নিয়ে খুবই সিরিয়াস : ডিএসসিসি প্রশাসক

প্রধানমন্ত্রী তারেক রহমান মহানগর নিয়ে খুবই সিরিয়াস বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম। মঙ্গলবার সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম ও ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক মো. শফিকুল ইসলাম খান। প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ শেষে বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন, স্থানীয়ভাবে যানবাহন উৎপাদন এবং ঈদযাত্রা নির্বিঘ্ন করতে নেওয়া উদ্যোগের কথাও জানিয়েছেন দুই সিটি করপোরেশনের প্রশাসক। সাক্ষাৎ শেষে ডিএসসিসি প্রশাসক এ কথা জানান। ডিএসসিসি প্রশাসক আব্দুস সালাম বলেন, প্রধানমন্ত্রী ঢাকা মহানগর নিয়ে খুবই সিরিয়াস। তিনি সবসময় ওনার নলেজে রাখতে চান যে, আমরা কী কাজ করছি, কোথায় কী কাজ বাকি আছে এবং কোথায় কী কাজ করতে হবে। সেই ব্যাপারে আপনারা তো শুনেছেন যে, উনি এরই মধ্যে আমাদের দু-জনকে মহানগরের দায়িত্ব দেওয়ার পর আগে যে শহরের অবস্থা ছিল, তার চেয়ে তো কিছুটা হলেও উন্নতি হয়েছে, বিশেষ করে বর্জ্য ব্যবস্থাপনায়। সেই কারণে প্রধানমন্ত্রী বাংলাদেশের ইতিহাসে প্রথম কোনো সরকারপ্রধান এই বর্জ্য ব্যবস্থাপনায় দিন-রাত যারা কাজ করে, তাদের জন্য ঈদের উপহার দিয়েছেন, বোনাস দিয়েছেন। সেটা আমরা আজ দিয়েছি। কর্মচারীরা প্রধানমন্ত্রীকে ধন্যবাদ দিয়েছেন, ধন্যবাদটা আমরা ওনাকে পৌঁছে দিয়েছি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ আসাদ)

## শেয়ারবাজারে ফিরছে বিদেশিরা, সক্রিয় স্থানীয় বিনিয়োগকারীরাও

দীর্ঘদিন ধরে দেশের শেয়ারবাজার থেকে ধারাবাহিকভাবে বিনিয়োগ প্রত্যাহার করে নিচ্ছিলেন বিদেশি বিনিয়োগকারীরা। ফলে বাজারে আস্থার সংকট তৈরি হয় এবং লেনদেনেও নেতিবাচক প্রভাব পড়ে। তবে চলতি বছরের মার্চ মাসে সেই প্রবণতায় কিছুটা পরিবর্তনের ইঙ্গিত পাওয়া যাচ্ছে। দেশের বাজারে বিদেশি ও প্রবাসী বিনিয়োগকারীদের সংখ্যা বাড়তে দেখা যাচ্ছে। সেই সঙ্গে বেড়েছে স্থানীয় বা দেশি বিনিয়োগকারীর সংখ্যাও। চলতি মাসের প্রথম ১৭ দিনে বিদেশি ও প্রবাসী বিনিয়োগকারীদের বেনিফিশিয়ারি ওনার্স হিসাব বেড়েছে ৫৫টি। অর্থাৎ, প্রতি কার্যদিবসে ৪টির বেশি বিদেশি ও প্রবাসী বিও হিসাব বেড়েছে। এই ১২ কার্যদিবসে স্থানীয় বিনিয়োগকারীদের বিও

হিসাব বেড়েছে ৩ হাজার ১৬টি। অর্থাৎ প্রতি কার্যদিবসে স্থানীয় বিনিয়োগকারীদের বিও হিসাব বেড়েছে ২৫১টির বেশি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ আসাদ)

## বিশ্বে ৪ কোটির বেশি মানুষ নতুন করে তীব্র খাদ্যসংকটে পড়তে পারে

ইরানকে ঘিরে যুদ্ধ জুন পর্যন্ত চলতে থাকলে, বিশ্বজুড়ে আরও প্রায় ৪ কোটি ৫০ লাখ মানুষ তীব্র খাদ্যসংকটে পড়তে পারে বলে সতর্ক করেছে বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)। মঙ্গলবার (১৭ মার্চ) প্রকাশিত সংস্থাটির বিশ্লেষণে বলা হয়, ২৮ ফেব্রুয়ারি শুরু হওয়া যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলার কারণে গুরুত্বপূর্ণ মানবিক সহায়তা সরবরাহের পথগুলো ব্যাহত হয়েছে। ফলে বিশ্বের বিভিন্ন সংকটাপন্ন অঞ্চলে জরুরি খাদ্য সহায়তা পৌঁছাতে দেরি হচ্ছে। ডব্লিউএফপির উপ-নির্বাহী পরিচালক কার্ল স্কাউ জেনেভায় সাংবাদিকদের জানান, খাদ্য, জ্বালানি ও পরিবহণ খরচ বেড়ে যাওয়ায়, অতিরিক্ত ৪ কোটি ৫০ লাখ মানুষ তীব্র ক্ষুধার মুখে পড়তে পারে। এতে বিশ্বে মোট ক্ষুধাগ্রস্ত মানুষের সংখ্যা বর্তমান রেকর্ড ৩১ কোটি ৯০ লাখ ছাড়িয়ে যাবে। তিনি বলেন, এতে বৈশ্বিক ক্ষুধার মাত্রা সর্বোচ্চ পর্যায়ে পৌঁছাবে, যা অত্যন্ত ভয়াবহ একটি পরিস্থিতি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## টাঙ্গাইলে বাস-অটোরিকশা মুখোমুখি সংঘর্ষে নিহত ৩

টাঙ্গাইলের ধনবাড়ীতে বাস ও সিএনজিচালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে তিনজন নিহত হয়েছেন। মঙ্গলবার (১৭ মার্চ) বিকেলে উপজেলার নল্যা বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- ধনবাড়ী উপজেলার সেনবাড়ী গ্রামের মৃত মুহাম্মদ আলীর ছেলে আলী আকবর (৫০), জামালপুরের সরিষাবাড়ী উপজেলার বাঙালি পাড়া গ্রামের মৃত তোরাপ আলী ছেলে উমর ফারুক (৪৫) এবং একই উপজেলার বাউসী পপুলার গ্রামের বাসিন্দা খোকন (৪২)। ধনবাড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নুরুস সালাম সিদ্দিক হতাহতের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## চট্টগ্রামকে ক্লিন সিটি হিসেবে গড়তে চাই : মেয়র শাহাদাত

চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) পরিচ্ছন্নতাকর্মীদের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, চট্টগ্রামকে ক্লিন সিটি হিসেবে গড়ে তোলা আমাদের লক্ষ্য। এই লক্ষ্য অর্জনে পরিচ্ছন্নতাকর্মীদের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। মঙ্গলবার (১৭ মার্চ) দুপুরে নগরের কাজীর দেউড়ি এলাকার একটি কনভেনশন সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি এ উপহার বিতরণ করেন। চসিক সূত্র জানায়, এবার ৩ হাজার ২৭০ জন পরিচ্ছন্নতাকর্মীকে ৫ হাজার টাকা করে ঈদ উপহার দেওয়া হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## কাতারে প্রবাসী বাংলাদেশিদের কাছের মসজিদে ঈদের নামাজ আদায়ের আহ্বান

কাতারে প্রবাসী বাংলাদেশিদের এবার ঈদুল ফিতরের নামাজ নিকটস্থ মসজিদে আদায় করার জন্য আহ্বান জানিয়েছে দোহার বাংলাদেশ দূতাবাস। মঙ্গলবার (১৭ মার্চ) দূতাবাস এক জরুরি বিজ্ঞপ্তির মাধ্যমে এই আহ্বান জানায়। দোহার বাংলাদেশ দূতাবাসের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, উপসাগরীয় অঞ্চলে সাম্প্রতিক বিরাজমান যুদ্ধাবস্থার প্রেক্ষিতে কাতারের আওকাফ ও ইসলামিক বিষয়ক মন্ত্রণালয় এ বছরের ঈদুল ফিতরের নামাজ সবাইকে মসজিদে আদায় করার জন্য অনুরোধ জানিয়েছে। কাতার সরকারের সিদ্ধান্ত এবং নির্দেশনার প্রতি সম্মান জানিয়ে বাংলাদেশ এম এইচ এম স্কুল ও কলেজ প্রাঙ্গণে ঈদুল ফিতরের জামাত আয়োজন করা সম্ভব হচ্ছে না। এই অবস্থায় কাতারে অবস্থানরত সব বাংলাদেশি নাগরিকদের, কাতার সরকারের নির্দেশনার প্রতি শ্রদ্ধাশীল থেকে এবং যথাযথ সতর্কতা অবলম্বন করে সবাইকে তাদের নিকটস্থ মসজিদে ঈদুল ফিতরের নামাজ আদায় করার জন্য অনুরোধ করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## বিশ্ব বাণিজ্য সংস্থার আইএফডিএতে যোগ দিচ্ছে বাংলাদেশ

বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) প্লুরিল্যাটারাল জয়েন্ট স্টেটমেন্ট ইনিশিয়েটিভের আওতায় 'ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন ফর ডেভেলপমেন্ট অ্যাগ্রিমেন্ট (আইএফডিএ)'-এ বাংলাদেশের যোগদানের প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা। মঙ্গলবার (১৭ মার্চ) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি সাংবাদিকদের এ তথ্য জানান। তিনি জানান, এ চুক্তির লক্ষ্য বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগ সহজ করা। এতে মার্কেট অ্যাকসেস বা ইনভেস্টর-স্টেট ডিসপিউট সেটেলমেন্ট বিষয়ে নতুন কোনো বাধ্যবাধকতা তৈরি হবে না। বরং বিনিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত, নিবন্ধন ও অনুমোদন সহজ করা, অপ্রয়োজনীয় একাধিক আবেদন কমানো এবং দেশীয় বিনিয়োগকারীদের ডেটাবেজ সংরক্ষণে গুরুত্ব দেওয়া হয়েছে। নাসিমুল গনি আরও জানান, সরকারের আশা, এই চুক্তিতে যোগ দিলে বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রে আরও আকর্ষণীয় গন্তব্য হিসেবে আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি প্রতিষ্ঠিত হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## সড়কে ঘরমুখো মানুষের ঢল, নবীনগর-চন্দ্রায় দীর্ঘ যানজট

ঈদযাত্রায় ঢাকার সাভারে ঘরমুখো মানুষের ঢল নেমেছে। একইসঙ্গে সড়ক ও মহাসড়কে বেড়েছে গণপরিবহণের চাপ। এতে মহাসড়কগুলোর কয়েকটি পয়েন্টে তৈরি হয়েছে দীর্ঘ যানজট। আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা সড়কে শৃঙ্খলা ফেরাতে মাঠে কাজ করছেন। তবে এবারও ভাড়া বৃদ্ধিসহ যাত্রীদের নানা অভিযোগ রয়েছে। মঙ্গলবার (১৭ মার্চ) সন্ধ্যায় ঢাকা-আরিচা মহাসড়ক, নবীনগর-চন্দ্রা সড়ক ও আব্দুল্লাহপুর-আশুলিয়া-ডিইপিজেড সড়কে এ চিত্র লক্ষ্য করা যায়। দীর্ঘ ৬ কিলোমিটার যানজটের সৃষ্টি হয় নবীনগর-চন্দ্রা সড়কে। সরেজমিনে দেখা যায়, উত্তরের যাত্রী এবার ভোগান্তির নাম গাজীপুরের চন্দ্রা পয়েন্ট। এবারও ওই পয়েন্টের সৃষ্ট যানজট গিয়ে গড়ায় জিরানি পর্যন্ত। গণপরিবহণের নানা প্রতিবন্ধকতা সৃষ্টি লাখো মানুষের ভোগান্তি। জিরানি, কবিরপুর, বাড়ইপাড়া, জুম্মআ ঘরসহ কয়েকটি পয়েন্টে যানবাহনের দীর্ঘ সাড়ি। এছাড়াও, ঢাকা-আরিচা মহাসড়কের হেমায়েতপুর, উল্লাইল, গেন্ডা, সাভার বাজার বাসস্ট্যান্ডে রয়েছে যাত্রী ও পরিবহণের চাপ। সরেজমিনে দেখা যায়, উত্তরের পথের দুইটি লেনের মধ্যে একটিতে যানবাহন বন্ধ করে রেখেছেন পরিবহণ ব্যবসায়ীরা। বাধাগ্রস্ত হয়ে বাকি একটি দিয়ে চলছে যানবাহন। শুধু তাই নয়, গেল সরকার নানা পরীক্ষা-নিরীক্ষার পর নানা রূপ দিয়েছে চন্দ্রাকে। তবুও কোনো ফল আসেনি। যদিও পরিবহণ সংশ্লিষ্টরা বলছেন, নকশায় ত্রুটিপূর্ণ। কয়েক লেনের পরিবহণ গিয়ে মিলিত হয় একটিতে। এতে করে বাড়ে জটলা, তৈরি হচ্ছে যানজট।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## ওএসডির খবরে যা বললেন হাতিয়ার ইউএনও

নোয়াখালী হাতিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আলাউদ্দিনকে ওএসডি করার পর প্রতিক্রিয়া জানতে চাইলে বলেন, 'দায়িত্ব পালনে কোনো ভুল করে থাকলে আমাকে ক্ষমা করে দিয়েন।' মঙ্গলবার (১৭ মার্চ) রাতে জাগো নিউজকে তিনি এ কথা বলেন। এর আগে, এক নারীর সঙ্গে অন্তরঙ্গ মুহূর্তের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে মঙ্গলবার (১৭ মার্চ) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ওই ইউএনওকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে। সোমবার (১৬ মার্চ) ইউএনও আলাউদ্দিনের সঙ্গে এক নারীর আপত্তিকর ভিডিও বিভিন্ন ফেসবুক আইডি থেকে পোস্ট করা হয়। তবে ইউএনওর দাবি, ভিডিওটি তার সম্মানহানির উদ্দেশ্যে এআই (কৃত্রিম বুদ্ধিমত্তা) দিয়ে তৈরি করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জানা গেছে, প্রাথমিক তদন্তে ভিডিওর বিষয়ে সত্যতা পাওয়ায় আলাউদ্দিনকে ওএসডি করা হয়েছে। বিস্তারিত তদন্তের পর এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। জেলা প্রশাসক মুহাম্মদ শফিকুল ইসলাম জানান, বিষয়টি যাচাই-বাছাইয়ের পর প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। ইউএনও ছুটির আবেদন করে কর্মস্থল ত্যাগ করেছেন ও ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে ইতোমধ্যেই বিষয়টি অবহিত করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## ব্রাহ্মণবাড়িয়ায় মসজিদের মাইকে ঘোষণা দিয়ে দুইপক্ষের সংঘর্ষ

ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর নির্বাচন-পরবর্তী বিরোধকে কেন্দ্র করে দুইপক্ষের মধ্যে ভয়াবহ সংঘর্ষের ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১৭ মার্চ) দুপুরে গোয়ালনগর ইউনিয়নে বিএনপি সমর্থক রহিম তালুকদার গ্রুপ ও স্বতন্ত্রপ্রার্থী সমর্থিত কাশেম মিয়া গ্রুপের মধ্যে মসজিদের মাইকে ঘোষণা দিয়ে প্রায় পাঁচ ঘণ্টাব্যাপী এই সংঘর্ষ হয়। এতে নারী-পুরুষসহ অন্তত অর্ধশতাধিক ব্যক্তি আহত হয়েছেন। ঘটনার পর এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন সকালে গোয়ালনগর উচ্চবিদ্যালয় কেন্দ্রে দায়িত্বপালনকারী এক কর্মকর্তাকে জাল ভোটে প্ররোচনার অভিযোগে মো. জিয়া মিয়াকে সেনাবাহিনী আটক করে। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে ১০ দিনের কারাদণ্ড দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## দৌলতদিয়ায় যাত্রী-যানবাহনের চাপ বাড়লেও নেই ভোগান্তি

প্রিয়জনের সঙ্গে ঈদ উদ্‌যাপন করতে ঘরমুখো যাত্রী ও যানবাহনের চাপ বাড়তে শুরু করেছে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের প্রবেশদ্বার হিসেবে পরিচিত রাজবাড়ীর গোয়ালন্দের দৌলতদিয়া ঘাটে। তবে কোনো ভোগান্তি ছাড়াই পারাপার করতে পারছেন যাত্রীরা। মঙ্গলবার (১৭ মার্চ) ভোর থেকেই পাটুরিয়া থেকে ছেড়ে আসা প্রতিটি ফেরি ও লঞ্চে যানবাহনের পাশাপাশি যাত্রীদের চাপ লক্ষ্য করা গেছে। একইসঙ্গে ছোট গাড়ি ও মোটরসাইকেলের ভিড় ছিল চোখে পড়ার মতো। সরেজমিনে দেখা যায়, যাত্রী ও যানবাহনের চাপ বাড়লেও, দৌলতদিয়া-পাটুরিয়া নৌ-রুটে পর্যাপ্ত ফেরি ও লঞ্চ চলাচল রয়েছে। ফলে ঘাট এলাকায় যানজট নেই। দৌলতদিয়া প্রান্তে নেমে ভোগান্তি ছাড়াই বিভিন্ন বাহনে গন্তব্যে ছুটছে মানুষ। তবে দৌলতদিয়া থেকে রাজবাড়ী, কুষ্টিয়া, ফরিদপুরসহ বিভিন্ন রুটে অতিরিক্ত ভাড়া আদায়ের অভিযোগ করেছেন যাত্রীরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## পুলিশ সংস্কার বিষয়ে যুক্তরাজ্যের সহযোগিতা চাইলেন স্বরাষ্ট্রমন্ত্রী

অস্ট্রিয়ার ভিয়েনায় অনুষ্ঠিত গ্লোবাল ফ্রড সামিটের দ্বিতীয় দিনে, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এবং যুক্তরাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী লর্ড হ্যানসন এক গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। এসময় স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশ সংস্কার ও রোহিঙ্গা ইস্যুতে যুক্তরাজ্যের সহযোগিতা কামনা করেন। মঙ্গলবার (১৭ মার্চ) স্থানীয় সময় বিকেলে ভিয়েনা

ইন্টারন্যাশনাল সেন্টারের 'এমওইও' কক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দুই দেশের পারস্পরিক নিরাপত্তা ও কৌশলগত স্বার্থসংশ্লিষ্ট বিষয় স্থান পায়। বৈঠকের শুরুতে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ লর্ড হ্যানসনকে উষ্ণ অভিনন্দন জানান এবং বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যকার ঐতিহাসিক ও অংশীদারত্বমূলক সম্পর্কের ভূয়সী প্রশংসা করেন। সালাহউদ্দিন আহমদ প্রতিরক্ষা, সন্ত্রাসবাদ দমন এবং সামুদ্রিক নিরাপত্তা খাতে বিদ্যমান সহযোগিতা আরও সুদৃঢ় করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। দুই দেশের কৌশলগত অংশীদারিত্বকে নতুন উচ্চতায় নিয়ে যেতে লর্ড হ্যানসনও একমত পোষণ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## বাংলাদেশের বিচার বিভাগের সহায়তায় ইউএনডিপি-নরওয়ের চুক্তি

'বাংলাদেশে দীর্ঘমেয়াদি স্থিতিশীলতা ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য বিচার সংস্কার সুসংহতকরণ ২০২৬' শীর্ষক উদ্যোগে সহায়তার জন্য চুক্তি সই করেছে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) ও নরওয়ে সরকার। মঙ্গলবার (১৭ মার্চ) নরওয়ে দূতাবাসে এ চুক্তি সই সম্পন্ন হয়। এ উদ্যোগের লক্ষ্য হলো-বিচার বিভাগের স্বাধীনতা শক্তিশালী করা, সুপ্রিম কোর্ট সচিবালয়ের পরিচালনাগত সক্ষমতা বৃদ্ধি করা এবং জনগণের আস্থা ও গণতান্ত্রিক শাসনব্যবস্থা উন্নত করার জন্য দীর্ঘমেয়াদি বিচার সংস্কার কার্যকর করা। চুক্তি সই করেন ইউএনডিপি বাংলাদেশের আবাসিক প্রতিনিধি স্টেফান লিলার এবং বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত হাকন আরাল্ড গুলব্র্যান্ডসেন। এই অংশীদারিত্বের অধীনে ইউএনডিপি ও নরওয়ে সুপ্রিম কোর্ট সচিবালয়ের কার্যক্রম সমর্থনের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সরঞ্জাম সরবরাহ করবে। উদ্যোগটি সচিবালয়ের নবনিযুক্ত কর্মীদের কার্যকর বিচারিক স্ব-প্রশাসন নিশ্চিত করতে বিশেষ প্রশিক্ষণ দেবে। পাশাপাশি, বিচারিক স্বাধীনতা বিষয়ে গভীরতর বোঝাপড়া ও সমর্থন গড়ে তোলার লক্ষ্যে প্রকল্পটি বিচার বিভাগ, সরকার, আইন পেশাজীবী, শিক্ষাবিদ এবং নাগরিক সমাজের মধ্যে সংলাপের আয়োজন করবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## ট্রাফিক নিয়ন্ত্রণে 'পোর্টেবল সিগন্যাল লাইট' ব্যবহার শুরু পুলিশের

রাজধানীতে ট্রাফিক ব্যবস্থাপনা আরও কার্যকর করতে পোর্টেবল সিগন্যাল লাইট ব্যবহার শুরু করেছে পুলিশ। স্বল্প খরচে দেশীয় প্রযুক্তিতে তৈরি এসব সিগন্যাল লাইট সহজে বহনযোগ্য হওয়ায় যে-কোনো সড়কে দ্রুত স্থাপন করা যাচ্ছে। প্রাথমিকভাবে হাইওয়ে পুলিশ এই পোর্টেবল সিগন্যাল লাইট ব্যবহার করছে বলে জানিয়েছে সংশ্লিষ্টরা। সড়কে শৃঙ্খলা রক্ষা এবং যানজট কমাতে এটি ইতিবাচক ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে। পুলিশ সূত্রে জানা গেছে, স্থায়ী ট্রাফিক সিগন্যাল না থাকা বা অচল অবস্থায় থাকা গুরুত্বপূর্ণ সড়কগুলোতে এই পোর্টেবল সিগন্যাল লাইট কার্যকর সমাধান হিসেবে কাজ করবে। বিশেষ করে, ব্যস্ত মোড় ও যানজটপ্রবণ এলাকায় দ্রুত নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায় এটি সহায়ক হবে। ডিএমপির মিডিয়া ও পাবলিক রিলেশন্স বিভাগের ডিসি মুহাম্মদ তালেবুর রহমান জানান, ট্রাফিক ব্যবস্থাপনায় উদ্ভাবনী উদ্যোগের অংশ হিসেবে এই প্রযুক্তি চালু করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## বিএনপির রাজনীতির মূল লক্ষ্য জনগণের সেবা : মেয়র শাহাদাত

চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, "বিএনপি সবসময় সাধারণ মানুষের সুখে-দুঃখে পাশে ছিল এবং থাকবে। আমরা কেবল রাজনীতির জন্য রাজনীতি করি না, আমাদের মূল লক্ষ্য হচ্ছে জনগণের সেবা করা।" মঙ্গলবার (১৭ মার্চ) বিকেলে নগরীর ১৫ নম্বর বাগমনিরাম ওয়ার্ডের দুস্থ ও অসহায় পরিবারের মধ্যে ঈদ উপহার বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে মহানগর বিএনপির সাবেক শিল্প সম্পাদক শহীদুল ইসলাম চৌধুরীর উদ্যোগে কাজির দেউরীর কেজিএন কনভেনশন সেন্টারে এ উপহার বিতরণ করা হয়। মেয়র শাহাদাত বলেন, বাগমনিরাম ওয়ার্ডের অসহায় মানুষের মুখে হাসি ফোটাতে শহীদুল ইসলাম চৌধুরীর এ উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। সামর্থ্যবানদের উচিত পবিত্র এ মাসে দরিদ্র মানুষের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া, যাতে সবাই মিলে ঈদের আনন্দ ভাগ করে নিতে পারে। ঈদ মানেই আনন্দ, আর সেই আনন্দ থেকে সমাজের কোনো মানুষ যেন বঞ্চিত না হয়, সেই চিন্তা থেকেই এ ক্ষুদ্র প্রয়াস। বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে এ ঈদ উপহার বিতরণ কর্মসূচি দুস্থ পরিবারগুলোর জন্য কিছুটা হলেও স্বস্তি বয়ে আনবে, যোগ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

## স্বাস্থ্যমন্ত্রীর ঘোষণার পর সংক্রামক ব্যাধি হাসপাতালে আইসিইউ চালু

স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেনের ঘোষণার ২৪ ঘণ্টার মধ্যেই রাজধানীর মহাখালীস্থ সংক্রামক ব্যাধি হাসপাতালে নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) চালু করা হয়েছে। গতকাল সোমবার (১৬ মার্চ) মধ্যরাতে হাসপাতাল পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে স্বাস্থ্যমন্ত্রী আজ মঙ্গলবারের (১৭ মার্চ) মধ্যেই আইসিইউ পুনরায় চালুর আশ্বাস দেন। সেই প্রতিশ্রুতি অনুযায়ী আজই আইসিইউ চালু হলো। সম্প্রতি দেশে হঠাৎ করে হাম (মিজলস) রোগের প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় সংক্রামক ব্যাধি হাসপাতালে রোগীর চাপ বেড়েছে। বেডের তুলনায় অতিরিক্ত রোগী হওয়ায় অনেককে মেঝে ও বারান্দায় রেখেও চিকিৎসা দিতে হচ্ছে। এরই মধ্যে গুরুতর অসুস্থ এক শিশুর মৃত্যুর খবর পেয়ে স্বাস্থ্যমন্ত্রী মধ্যরাতে হাসপাতালে যান। পরিদর্শনকালে তিনি বলেন, সুযোগ-সুবিধার কিছু সীমাবদ্ধতা থাকলেও, চিকিৎসা প্রদানে কোনো অবহেলা নেই। প্রকল্প বন্ধ হয়ে যাওয়ায় ইআরপিপি প্রকল্পের আওতায় গ্লোবাল ফান্ডের

সহায়তায় স্থাপিত আইসিইউটি বন্ধ ছিল। দ্রুত জনবল নিয়োগ ও প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে এটি চালু করার নির্দেশ দেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৩.২০২৬ রিহাব)

# BBC

**HMS DRAGON SEEN IN GIBRALTAR EN ROUTE TO CYPRUS**

BBC Verify has been sent images showing the UK Royal Navy Type-45 destroyer HMS Dragon in Gibraltar this morning as it makes its way to Cyprus on the eastern side of the Mediterranean. HMS Dragon was deployed following a suspected drone attack by the Iran-backed Lebanese group Hezbollah on the Royal Air Force Base at Akrotiri in Cyprus on the second day of the US-Israel war with Iran. Two more drones were intercepted the following day. The UK government says the ship, which is armed with Sea Viper missiles that can intercept aerial threats, will bolster existing defences at Akrotiri.
(BBC News Web Page: 17/03/26, FARUK)

**ISRAEL SAYS IT KILLED TWO TOP IRANIAN LEADERS**

Israel says it has killed Iran's security chief Ali Larijani, saying he was effectively Iran's top leader. His death, if confirmed, would be a "massive body blow" to the regime , says Jeremy Bowen. The commander of the Basij militia, Gholamreza Soleimani, was also killed in an overnight strike, Israel said. The much-feared militia is a plain-cloths section of Iran's Revolutionary Guards Corp, which was involved in the brutal crackdown of anti-government protests earlier this year. (BBC News Web Page: 17/03/26, FARUK)

**IRAN AUTHORITIES CONFISCATE 'HUNDREDS OF STARLINK DEVICES'**

Iran's Ministry of Intelligence says in a statement that it has confiscated "hundreds of Starlink devices sent by the enemy" – referring to the US and Israel, Iranian news outlets are reporting. The statement says that according to law, acquiring and using Starlink is a "crime" and during the war anyone doing so will be dealt with at the "highest penalty". Using Starlink in Iran carries a punishment of up to two years in prison. It is still very difficult to contact those inside Iran during the internet outage that has been in place since the start of the war, but tech-savvy residents have been using SoaceX's Starlink devices and sharing their connections with others. (BBC News Web Page: 17/03/26, FARUK)

**IRAN LAUNCHES NEW WAVE OF MISSILES AT ISRAEL**

The IDF says Iran has launched more missiles at Israel and its defensive systems are operating to intercept them. Separately, the Iranian state broadcaster is reporting a new wave of missiles have been launched from Iran towards the "occupied territories".
(BBC News Web Page: 17/03/26, FARUK)

**UAE SAYS IT IS INTERCEPTING IRANIAN MISSILE ATTACKS**

The UAE's defence ministry has said in the past hour that it is intercepting drones and missiles from Iran. It follows a similar update from Qatar's defence ministry, which said around two hours ago that it had intercepted a wave of missiles targeting the state.
(BBC News Web Page: 17/03/26, FARUK)

**HEAD OF US NATIONAL COUNTERTERRORISM CENTER RESIGNS OVER IRAN WAR**

The director of the US's National Counterterrorism Center has announced his resignation on social media – saying he "cannot in good conscience support the ongoing war in Iran". The Senate confirmed Joe Kent as Trump's pick for the role last July. Addressing Trump in his resignation letter, Kent says: "Iran posed no imminent threats to our nation, and it is clear that we started this war due to pressure from Israel and its powerful American lobby. "I support the values and the foreign policies that you campaigned on in 2016, 2020, 2024, which you enacted in your first term". (BBC News Web Page: 17/03/26, FARUK)

**TRUMP SEEKS TO DELAY MEETING WITH XI IN CHINA**

US President Donald Trump said on Monday that he is planning to delay a high stakes visit to China later in March by about a month because of the Iran war. "We've requested that we delay it a month or so," he told reporters at the White House, adding that it was important that he remained available to oversee the war. The meeting between Trump and Chinese President Xi Jinping is currently set to take place between 31 March to 2 April, following their last face to face talks in October last year. Chinese foreign affairs spokesman Lin Jian said on Tuesday that Beijing and Washington are in talks over "the timing and related matters of President Trump's visit to China". (BBC News Web Page: 17/03/26, FARUK)

**PAKISTAN AIR STRIKE KILLS AT LEAST 100 AT KABUL DRUG REHAB CENTRE**

More than 100 people have been killed in a Pakistani air strike on a drug treatment centre in Afghanistan's capital, forensic laboratory sources told the BBC. Some of the bodies were injured beyond recognition, sources at the Kabul Forensic Medicine department said. Taliban officials have put casualty figures much higher. The UN called for a swift investigation. Pakistan denied striking the facility deliberately, saying it had "precisely targeted military installations and terrorist support infrastructure". The cross-border conflict re-erupted last month, with Pakistan saying Afghanistan was harbouring militants who attacked its territory, something Kabul denied. (BBC News Web Page: 17/03/26, FARUK)

**SUSPECTED SUICIDE ATTACKS KILL AT LEAST 23 IN NORTH-EAST NIGERIA**

At least 23 people have been killed and 108 injured by a series of suspected suicide bombings in Maiduguri, marking one of the worst recent attacks on the capital of Borno state. A post office, a popular weekly market and the University of Maiduguri Teaching Hospital were hit within minutes of each other at around 19:30 local time on Monday, police in the north-eastern state say. The sites, which are among the city's busiest locations, had drawn large crowds after the day's Ramadan fast was broken. Nigeria's military has blamed the attack on militants from the notorious Boko Haram group.

(BBC News Web Page: 17/03/26, FARUK)

**SRI LANKA DECLARES WEDNESDAYS OFF AS ASIAN COUNTRIES TRY TO CONSERVE FUEL**

Sri Lanka has declared every Wednesday a holiday for public institutions to conserve fuel as the island nation grapples with possible shortages in the wake of the US and Israel's war with Iran. "We must prepare for the worst, but hope for the best," President Anura Kumara Dissanayake said at an emergency meeting with senior officials on Monday. This is the latest in a series of belt-tightening measures undertaken by Asian countries since the war chocked off the Strait of Hormuz, which used to carry millions of barrels of oil from the Gulf into the region. Nearly 90% of all the oil and gas flowing through the strait last year was bound for Asia, which is the world's largest oil-importing region.

(BBC News Web Page: 17/03/26, FARUK)

**MILLIONS WITHOUT ELECTRICITY AS CUBA'S POWER GRID COLLAPSES**

Millions in Cuba have been left without power after the national electricity grid collapses on Monday, the country's power operator says. Much of the island including the capital, Havana, was plunged into darkness, with streets only illuminated by headlamps and battery-powered lights on Monday. UNE, Cuba's grid operator , said early on Tuesday morning that it was gradually restoring electricity to provinces and cities around the country. It is the latest in a series of widespread blackouts to hit the Caribbean island, where aging electricity infrastructure and chronic fuel shortages have been exacerbated by a US blockade on oil shipments to the communist-run nation. (BBC News Web Page: 17/03/26, FARUK)

**ZELENSKY TO VISIT STARMER TO SIGN NEW UKRAINE-UK DEFENCE PACT**

Ukrainian President Volodymyr Zelensky is set to visit Prime Minister Sir Keir Starmer in the UK on Tuesday to agree a new defence partnership aimed at tackling cheap attack drones. Downing Street said the deal would bring together "Ukrainian expertise and the UK's industrial base" to manufacture and supply drones and other capabilities. The two leaders are also expected to discuss further support Ukraine against Russia's full-scale invasion, now in its fourth year. Their meeting comes as the US-Israeli war with Iran enters a third week, during which US President Donald Trump has criticized the UK and other countries over the extent of their response to the conflict.

(BBC News Web Page: 17/03/26, FARUK)

## :: THE END ::